ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



সর্বোচ্চ করদাতা হলেন শাহরুখ খান

পৃঃ ৫




'৯০০', অনন্য উচ্চতায় রোনালদো

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৫০ ● কলকাতা ● ২৬ ভাদ্র, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ১২ সেপ্টেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## রণংদেহী মনোভাব ছেড়ে ডিগবাজি খেয়ে

## দিল্লির সঙ্গে সুসম্পর্ক চাইলেন মুহাম্মদ ইউনূস



**ঢাকা: নিউজ সারাদিন :** পাকিস্তানি গুপ্তচর সংস্থা আইএসআইয়ের দৌলতে অন্তর্বর্তী সরকারের প্রধান হওয়ার পরেই ভারতের বিরুদ্ধে হুঙ্কার ছুড়তে শুরু করেছিলেন মুহাম্মদ ইউনূস। কিন্তু ভারত নিত্যপ্রয়োজনীয়-সহ অন্যান্য পণ্য না পাঠালে না খেয়ে মররতে হবে বুঝতে পেরেই সুর নরম করলেন। ডিগবাজি খেয়ে ভারতের সঙ্গে সুসম্পর্ক চান বলে জানিয়েছেন।গত ৫ অগস্ট সেনা অভ্যুত্থানের মুখে প্রাণ বাঁচাতে দেশ ছেড়ে পালিয়ে দিল্লিতে আশ্রয় নিয়েছেন প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আইএসআই ও মার্কিন গোয়েন্দা সংস্থা সিআইএ'র দয়ায় অবৈধভাবে গঠিত সরকারের প্রধান হওয়ার পরেই প্রভুদের তুষ্ঠ রাখতে দিল্লির বিরুদ্ধে সুর চড়িয়েছিলেন 'সুদখোর' ইউনূস। এমনকি তিস্তা চুক্তি নিয়ে আন্তর্জাতিক মঞ্চে নালিশ জানানোর হুমকি দিয়েছিলেন। আর তাতে বেজায় ক্ষুব্ধ হয়েছিল নয়াদিল্লি। চলতি মাসে নিউইয়র্কে জাতিসঙ্ঘের সাধারণ সভার ফাঁকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে বৈঠকে বসার আগ্রহ প্রকাশ করেছিলেন পাকিস্তানপ্রেমী ইউনূস। যদিও দিল্লির তরফে সেই অনুরোধে সাড়া দেওয়া হয়নি। উল্টে ভারতের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং যুদ্ধের জন্য সেনা আধিকারিকদের প্রস্তুত থাকার নির্দেশ দিয়েছিলেন। আর সেই নির্দেশ দিতে গিয়ে বাংলাদেশের সাম্প্রতিক অবস্থার কথাও তুলে ধরেছিলেন। ভারতের প্রতিরক্ষা মন্ত্রীর ওই নির্দেশ


এরপর ৩ পাতায়

## সুপ্রিম কোর্টে আর্জি খারিজ, গরু পাচার মামলায় হয়েছিল আবেদন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কয়লা পাচার মামলায় সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায় ও তার স্ত্রী রুজিরা বন্দ্যোপাধ্যায়। তবে হাইকোর্টের পর সর্বোচ্চ আদালতেও খারিজ হয়েছে তাদের আবেদন। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের নোটিসকে চ্যালেঞ্জ করে অভিষেক-রুজিরার করা আবেদন খারিজ করে দিয়েছে সুপ্রিম কোর্ট ।এর আগে ২০২২ সালে এই মামলা হলে শীর্ষ আদালতের নির্দেশে, কলকাতাতেই জিজ্ঞাসাবাদ করা হয় অভিষেককে। গত বছরের ২২ সেপ্টেম্বর কয়লা পাচার-কাণ্ডে ইডি জিজ্ঞাসাবাদের মুখোমুখি হয়েছিলেন অভিষেক। আইনশৃঙ্খলা পরিস্থিতির কারণ দেখিয়ে কলকাতার বদলে অভিষেককে দিল্লিতে জিজ্ঞাসাবাদ করার কথা বলেছিল তদন্তকারী সংস্থা। ওদিকে অভিষেকের আইনজীবী সেই নিয়ে প্রশ্ন তুলেছিল আদালতে। এদিন সবদিক খতিয়ে দেখে অভিষেক রুজিরার আর্জি

এরপর ৩ পাতায়

## উত্তরপ্রদেশে প্রধানমন্ত্রীর সেমিকন ইন্ডিয়া সম্মেলন



**বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন :** বুধবার থেকে শুরু হল উত্তরপ্রদেশে সেমিকন ইন্ডিয়া ২০২৪ সম্মেলন। এই সম্মেলনের উদ্বোধন করতে এসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেন " এটাই ভারতে থাকার সঠিক সময়। আপনারা সঠিক সময় ও সঠিক স্থানে রয়েছেন। একবিংশ শতাব্দীতে চিপ নিয়ে সমস্যা হবে না। আজকের ভারত বিশ্বকে এটা বিশ্বাস করাতে পেরেছে যদি চিপের সংকট দেখা দেয় আপনারা ভারতের উপরে নির্ভর করতে পারেন"। দেশের ইলেক্ট্রনিক্স ক্ষেত্র এখন ১৫০ বিলিয়ন মার্কিন ডলারের। কিন্তু প্রধানমন্ত্রী লক্ষ্য এই দশকের শেষেই সেটা ৫০০ বিলিয়ন মার্কিন ডলার করার। " আমরা ৮৫ হাজার প্রযুক্তিবিদ, ইঞ্জিনিয়ার এবং গবেষণা উন্নয়ন বিশেষজ্ঞদের একটি কর্মী বাহিনী প্রস্তুত করছি। ভারতের ফোকাস রয়েছে তার পড়ুয়া এবং পেশাদারদের সেমিকন্ডাক্টর শিল্পের জন্য প্রস্তুত করা "। এদিনের এই অনুষ্ঠানে এসে প্রধানমন্ত্রী একথাও বলে গেলেন। এই অনুষ্ঠানে ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন " এখনো পর্যন্ত ডিজিটাল ইন্ডিয়া মিশন বা টেলিকম মিশনের মত পদক্ষেপ এর মাধ্যমে প্রযুক্তি পৌঁছে গেছে নাগরিকদের হাতে। এর ফলে দেশে সেমিকন্ডাক্টর শিল্পের উন্নতি হয়েছে প্রভূত"।চলতি বছরে সেমিকন ইন্ডিয়া ২০২৪ ইভেন্টের থিম হল 'শেপিং দ্যা সেমিকন্ডাক্টর ফিউচার'। তিন দিনের এই সম্মেলনটি সেমিকন্ডাক্টর কৌশল এবং নীতি প্রদর্শনের জন্য সেট করা হয়েছে যা দেশকে সেমিকন্ডাক্টর গুলির জন্য একটি বিশ্বব্যাপী কেন্দ্র করে তোলার পরিকল্পনা আছে।






## রাজ্যে মহিলাদের সুরক্ষা নিয়ে রাতে রাস্তায় নামলেন :

# আরামবাগের এসডিপিও



**হুগলি: নিউজ সারাদিন :** গোটা রাজ্যে মহিলাদের সুরক্ষা নিয়ে উঠছে বিভিন্ন প্রশ্ন । চলছে বিভিন্ন আন্দোলন রাতের পর রাত জাগছে মহিলারা । আর.জি.কর কান্ডের ঘটনার পরিপ্রেক্ষিতে মহিলাদের নিরাপত্তা সুনিশ্চিত করতে রাতে যেন মহিলারা বাড়ির বাইরে বেরোতে পারে । তারা যেন নির্বিঘ্নেই বাড়ির বাইরে বেরোয় কোনো অসুবিধার মধ্যে যাতে পড়তে না হয় । সেই জন্য আরামবাগ থানার এসডিপিও সুপ্রভাত চক্রবর্তীর নেতৃত্বে আজকে গোটা আরামবাগ মহকুমা জুড়ে মহিলা পুলিশদেরকে নিয়ে রাতে আরামবাগের বিভিন্ন প্রান্তে ঘুরলেন আরামবাগ থানার পুলিশেরা। সন্দেহ ভাজন কাউকে দেখতে পেয়ে তাদের জিজ্ঞাসাবাদ করে এবং পাড়ার অলিগলিতে যেখানে আলো খুবই কম সেসব জায়গাগুলিও ঘুরে দেখলেন। প্রায় প্রতিদিনই এই কর্মসূচি থাকবে বলে জানালেন এস.ডি .পিও । যাতে মহিলারা রাতের নিরাপত্তা সুনিশ্চিত করতে পারে তারই জন্য আরামবাগ মহাকুমা এলাকার জুড়ে চলছে নজরদারি। বিভিন্ন গুরুত্বপূর্ণ ও জনবহুল এলাকায় মোতায়েন করা হয়েছে মহিলা পুলিশ। নির্ভয়ে বাড়ি ফেরার বার্তা দিলেন এসডিপিও এবং পাশে থাকার প্রতিশ্রুতিও দিলেন আরামবাগ মহাকুমার অভিভাবক এসডিপিও সুপ্রভাত চক্রবর্তী । হুগলী গ্রামীণ জেলা পুলিশ মানুষের সাথে মানুষের সেবায়।

**কলকাতা, ১০ সেপ্টেম্বর ২০২৪ : নিউজ সারাদিন**

## বংশপরম্পরায় আজও প্রাকৃতিক নিয়মে চুন প্রস্তুত করছেন তামলিরা



**দক্ষিণ দিনাজপুর: নিউজ সারাদিন :** দক্ষিণ দিনাজপুর জেলার ব্যাবসার প্রতিষ্ঠিত শহর গঙ্গারামপুর শহরের ১নং ওয়ার্ডের কাদিঘাট এলাকায় দীর্ঘ ১০০ বছরের বেশি সময় ধরে বংশপরম্পরায় প্রাকৃতিক উপায়ে ঝিনুক থেকে চুন প্রস্তুত করছেন তামলি সম্প্রদায়ের ৫ পরিবারের সদস্যরা। এই সদস্যদের চুন তৈরি করে রুজিরোজগার হয়। এই তামলি সম্প্রদায়ের ৫ পরিবারের সদস্যরা ১৫-২০ হাজার টাকা আয় করলেও গ্রাম থেকে ঝিনুক সংগ্রহ করতে যে পরিমাণ টাকা খরচ হয় তাতেই তাদের প্রায় সব চলে যায়। গ্রাম থেকে ২০০ টাকা করে ঝিনুক কিনে বাড়িতে নিয়ে এসে চুন প্রস্তুত করে ৩ টাকা প্যাকেট হিসেবে বিক্রি করা হয়। এই বিষয়ে চুন প্রস্তুতকারী বিজয় তামলি ও বিমল তামলি জানান, প্রাকৃতিক ভাবে এই চুন প্রস্তুত করা এবং নানান গ্রাম থেকে নদীর ঝিনুক কিনে নিয়ে সংগ্রহ করেন এবং সেগুলো গাড়ি করে নিয়ে এসে সেখান থেকে চুন তৈরি করেন। এই চুন তৈরি করার কাজটিও বেশ খাটুনির। ২৪ ঘন্টা ধরে বড় বড় উনুনে পোড়ানো হয়। এরপর চুন তৈরি করার শেষে তাকে ছাঁকনি দিয়ে ছেঁকে আবার তাকে জল দিয়ে রেখে তিন ঘন্টা ঘোলাতে হয়। তারপর কাপড়ে ছেঁকে রাখার পর সেটি যখন আস্তে আস্তে জমতে শুরু করে তখন বিক্রির জন্য প্রস্তুত করা হয় এবং সেটিকে প্যাকেট করে গ্রামে গঞ্জে হাটে বাজারে বিক্রি করেন । এই চুন শুধুমাত্র পানে খাওয়ার জন্য বিক্রি হয় । কিন্তু বর্তমানে পাথরের চুন বাজারে ঢুকে যাওয়ায় তাদের ব্যবসা মার খেয়েছে, পাশাপাশি লাভের মুখ তারা খুব কমই দেখেছে বলে তারা জানান। সরকারি সহযোগিতা থাকার ফলে তাদের লক্ষ্মীর ভাঁড় পূর্ণ হচ্ছে বলে জানান তারা। তাই বাপ-ঠাকুরদার হাত ধরে বংশ পরম্পরায় চলে আসা তামলি সম্প্রদায়ের প্রাকৃতিক নিয়মে চুনপ্রস্তুত ব্যবসাকে টিকিয়ে রাখতে আজও কার্যত প্রাকৃতিক নিয়মে চুন প্রস্তুত করে চলেছেন ৫ টি পরিবারের সদস্যরা। তবে এই প্রাকৃতিক নিয়মের চুল প্রস্তুতের বিষয়টি যেমন লাভজনক তেমনি স্বাস্থ্যকর।

## সিনিয়র মিডিয়া কর্মীকে

# আতঙ্কিত করতে পুকুরে বিষ



**কলকাতা: নিউজ সারাদিন :** পশ্চিম বঙ্গের সিনিয়র মিডিয়া কর্মী মৃত্যুঞ্জয় সর্দারকে কথিত প্রভাবশালীদের দ্বারা ক্রমাগত আতঙ্কে রাখার চেষ্টা করা হচ্ছে। আবারও পুকুরের মাছগুলোকে বিষ দিয়ে মেরে সন্ত্রাসের চেষ্টার ঘটনা সামনে এসেছে। তিনটি পত্রিকার সম্পাদক মৃত্যুঞ্জয় সরদারকে কয়েক মাস আগে গাড়ি চাপা দিয়ে হত্যার চেষ্টা করা হয়। সরদারের মতে, তিনি নিজে এবং তার পরিবারের সাথে ঘটে যাওয়া সমস্ত ঘটনার কারণে সরকার ও প্রশাসনের কাছে জানমালের নিরাপত্তা দাবি করেছেন। সরদার জানান, তদন্ত নামে মাত্র একজন পুলিশ এসে পরিস্থিতি দেখেন। এর আগে, জাতীয় তফসিলি জাতি কমিশন পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনা জেলার ডিএম এবং এসপিকে সিনিয়র সাংবাদিক মৃত্যুঞ্জয় সর্দারের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে এবং ১৫ দিনের মধ্যে একটি প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দিয়েছিল। সিনিয়র সাংবাদিক মৃত্যুঞ্জয় সরদার, থানা জীবন তলার বাসিন্দা, তার স্থাবর-অস্থাবর সম্পত্তি এবং ব্যক্তিগত জিনিসপত্রের নিরাপত্তার জন্য কমিশনের হস্তক্ষেপ চেয়েছিলেন। উল্লেখ্য, সাংবাদিকের ওপর বহুবার হামলা হয়েছে। পুলিশ প্রশাসনের কাছে বারবার অনুরোধ করা সত্ত্বেও তাকে ও তার পরিবারের নিরাপত্তা দেওয়া হয়নি। অথচ সরদার পুলিশ প্রশাসন ও সরকারের কাছে নিরাপত্তার জন্য ক্রমাগত অনুরোধ করে আসছেন।

## স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক শিকাগো বক্তৃতা স্মরণে শোভাযাত্রা



**বেবি চক্রবর্তী, কলকাতা: নিউজ সারাদিন :** ১৮৯৩ সালের ১১ সেপ্টেম্বর শিকাগো বিশ্ব ধর্ম সম্মেলনে স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক ভাষণ ভারতবর্ষকে দিয়েছিল ভাতৃত্ববোধের নতুন প্রেরণা। সেই যুগান্তকারী ঘটনাকে স্মরণ করে রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচার গোলপার্কের পরিচালনায় বুধবার দক্ষিণ কলকাতার চেতলা পার্কে স্বামীজীর মূর্তির পাদদেশে এক যুব সমাবেশের আয়োজন করা হয়। রামকৃষ্ণ মিশন ২৬ বছর ধরে এই দিনটিকে বিশ্ব ভ্রাতৃত্ব দিবস হিসাবে পালন করে আসছে। এই উপলক্ষে রামকৃষ্ণ মিশনের তরফ থেকে এক বিশাল শোভাযাত্রার আয়োজন করা হয়। দক্ষিণ কলকাতার চেতলা পার্কে স্বামীজীর মূর্তির পাদদেশ থেকে রওনা দিয়ে এই শোভাযাত্রা অদ্বৈত আশ্রম সেবা প্রতিষ্ঠান, সারদা মিশন, মেট্রোপলিটন ইনস্টিটিউশন, কথামৃত ভবন, স্বামীজীর বাড়ি, বলরাম মন্দির, তার স্কুল / বাড়ি, মায়ের বাড়ি, উদ্যানবাটি, বরাহনগর মিশন ও মঠ সহ রামকৃষ্ণ বিবেকানন্দের স্মৃতিধন্য কলকাতার বিভিন্ন স্থান স্পর্শ করে দক্ষিণেশ্বরের আদ্যাপীঠ মন্দিরের সমাপ্ত হয়। চেতলা পার্কের স্বামীজীর মূর্তির পাদদেশ থেকে শোভাযাত্রার শুভ সূচনা করেন রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচার গোলপার্কের স্বামী ইষ্টব্রতানন্দজী মহারাজ। তিনি বলেন যে " হিন্দু ধর্ম সকল ধর্মের জননী, হিন্দু ধর্ম সকল ধর্মকে স্বীকার করে। ধর্ম মানে জাতির উন্নতি প্রগতি। নিবেদিতা শুধু ইংরেজ শাসনের বিরুদ্ধে লড়াই শুধু তাই নয় স্বতন্ত্র স্বাধীনতার জন্য ছিল তাঁর লড়াই।" শোভাযাত্রার শুভ উদ্বোধনের পর স্বামী ইষ্টব্রতানন্দজী মহারাজ এই দিনটির গুরুত্ব সহ স্বামীজীর বিভিন্ন ভাবধারার কথা অত্যন্ত প্রাঞ্জল ভাষায় বুঝিয়ে দেন।

পরে রামকৃষ্ণ মিশনের তরফ থেকে আদ্যাপীঠ মন্দিরের নাট মন্দিরে একটি ধর্ম সমাবেশের আয়োজন করা হয়। এই ধর্ম সমাবেশে দক্ষিণেশ্বর রামকৃষ্ণ সংঘ আদ্যাপীঠের সম্পাদক ব্রহ্মচারী মুরালভাই এবং বেলুড় মঠ রামকৃষ্ণ মঠ ও মিশনের স্বামী নিষ্ঠানন্দজী মহারাজ বক্তব্য পেশ করেন। এদিনের এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রামকৃষ্ণ মঠ ও মিশনের সন্ন্যাসীর বৃন্দ।

## মোদিকে কটাক্ষ করা মালদ্বীপের দুই মন্ত্রীর পদত্যাগ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে কটাক্ষ করা মালদ্বীপের দুই মন্ত্রী পদত্যাগ করেছেন। মঙ্গলবার তারা দেশটির প্রেসিডেন্ট মোহাম্মদ মুইজ্জুর দফতরে পদত্যাগপত্র জমা দেন।

অব্যাহতি নেওয়া ওই দুই মন্ত্রীর নাম মারিয়াম শিউনা ও মালশা শরিফ। ব্যক্তিগত কারণে এ সিদ্ধান্ত নিয়েছেন বলে জানান তারা।

মালদ্বীপ সরকারের একজন কর্মকর্তা এসব তথ্য নিশ্চিত করেছেন।

এর আগে ২০২৩ সালের ডিসেম্বরে ভারতের কেন্দ্রশাসিত অঞ্চল লাক্ষাদ্বীপ ভ্রমণে গিয়েছিলেন ভারতের প্রধানমন্ত্রী। ভ্রমণ শেষে ফিরে ভারত মহাসাগরের তীরে অবস্থিত প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর এই দ্বীপটির কিছু ছবি সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করেন মোদি। তার সেসব ছবি শেয়ারের পরপরই শোরগোল পড়ে যায় মালদ্বীপের সামাজিক যোগাযোগ মাধ্যমে।

দেশটির সাধারণ নেটিজেনদের পাশাপাশি এতে জড়িয়ে পড়েন মালদ্বীপের কয়েকজন সরকারি কর্মকর্তা-মন্ত্রিসভার সদস্যরাও। তাদের অভিযোগ, ভারতীয় পর্যটকরা যেন মালদ্বীপের পরিবর্তে লাক্ষাদ্বীপকে নিজেদের পর্যটনগন্তব্য হিসেবে বেছে নেন ছবির মাধ্যমে সেই বার্তাই দিয়েছেন মোদি।

তাদের অভিযোগের পাল্টা জবাব দিতে সরব হয়ে ওঠেন ভারতীয় নেটিজেনরাও। পর্যটন গন্তব্য হিসেবে মালদ্বীপকে বয়কটের ডাক দেন তারা।

এক্স, ফেসবুক, ইনস্টাগ্রাম, হোয়াটসঅ্যাপসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে 'বয়কটমালদ্বীপ' হ্যাশট্যাগে রীতিমতো সয়লাব হয়ে যায়। তার নেতিবাচক প্রভাব পড়ে মালদ্বীপের অর্থনীতিতে। এত দিন বিশ্বের যেসব দেশ থেকে পর্যটকরা মালদ্বীপে যেতেন, তাদের অর্ধেকই ছিলেন ভারতীয়। কিন্তু মালদ্বীপকে বয়কটের ডাক দেওয়ার পর চলতি বছর থেকে দেশটিতে ভারতীয় পর্যটকের সংখ্যা নাটকীয়ভাবে কমে যায়। ফলে শুধু পর্যটন খাতনির্ভর এই দেশটির অর্থনীতির মূলে আঘাত আসে।

এরপর ৩ পাতায়

## রাজধানী এক্সপ্রেসের থেকে এক মিনিট সময় কম নিয়ে

# চালু হতে চলেছে হাওড়া গয়া বান্দে ভারত এক্সপ্রেস



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আগামী ১৫ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী হাওড়া-গয়া সহ একাধিক বন্দে ভারতের উদ্বোধন করবেন। আসানসোল-দুর্গাপুর হয়ে চলবে হাওড়া-গয়া বন্দে ভারত। হাওড়া-গয়া বন্দে ভারত (২২৩০৩) হাওড়া-সকাল ৬:৫০ মিনিটে ছেড়ে গয়া পৌঁছবে- দুপুর ১২:৩০ মিনিটে, পাশাপাশি গয়া-হাওড়া বন্দে ভারত (২২৩০৪) দুপুর ৩:১৫ মিনিটে ছেড়ে হাওড়া পৌঁছবে- রাত ৯:০৫ মিনিটে। হাওড়া থেকে গয়া পৌঁছতে বন্দে ভারত এক্সপ্রেসের সময় লাগবে ৫ ঘন্টা ৪০ মিনিট, অর্থাৎ রাজধানী এক্সপ্রেসের থেকে ১মিনিট কম। বন্দে ভারত উদ্বোধন পর এই রুটে আরও একটি ট্রেন যুক্ত হবে। তিনটি ট্রেনই চলবে সকালে। ব্ল্যাক ডায়মন্ড সপ্তাহে প্রত্যেক দিনই চলে। অন্যদিকে শতাব্দী এক্সপ্রেস রবিবার ছাড়া সপ্তাহে ছয় দিন চলে। অন্যদিকে বন্দে ভারত এক্সপ্রেসও সপ্তাহে ছয়দিন চালানো হবে, বৃহস্পতিবার চলাচল করবে নাবন্দে ভারত এক্সপ্রেস।গত কয়েকদিন ধরেই বাংলা নতুন একটি বন্দেভারত পেতে পারে বলে জোর চর্চা চলছিল। আর সেই জল্পনা সত্যি করেই গয়া এবং হাওড়ার মধ্যে নয়া একটি বন্দে ভারত চলবে। যদিও এই বিষয়ে পূর্ব রেলের তরফে কিছু জানানো হয়নি।







রাষ্ট্রপতির জাতীয় ফ্লোরেন্স

## নাইটিঙ্গল পুরস্কার ২০২৪ প্রদান

নয়াদিল্লি, ১১ সেপ্টেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন : রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ ১১ সেপ্টেম্বর রাষ্ট্রপতি ভবনে জাতীয় ফ্লোরেন্স নাইটিঙ্গল পুরস্কার ২০২৪ প্রদান করেছেন।

নার্সদের অনবদ্য কাজের স্বীকৃতিস্বরূপ কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক প্রতি বছর জাতীয় ফ্লোরেন্স নাইটিঙ্গল পুরস্কার প্রদানের অনুষ্ঠান আয়োজন করে। এ বছর অন্যান্যদের মধ্যে পশ্চিমবঙ্গের শ্রীমতী অনিন্দিতা প্রামাণিক এবং আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের শ্রীমতী শীলা মন্ডল পুরস্কার পেয়েছেন।

তড়িঘড়ি আইন পাশ করে গেজেট প্রকাশ করা হয়েছিল। সূত্রের খবর, গত চারমাস ধরে টালবাহনার পর অবশেষে ভাঙড়ের চারটি থানা কলকাতা পুলিশের অন্তর্ভুক্ত হতে চলেছে। আগামী ২ জানুয়ারী ভাঙড় ও উত্তর কাশীপুর থানা ছাড়াও পোলেরহাট ও চন্দনেশ্বর থানার ভারচুয়ালি উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী। তার আগে রবিবার থানাগুলি পরিদর্শন করেন পুলিশ কমিশনার বিনীত গোয়েল।

# দুর্গাপূজায় ইলিশ পাঠাতে ভারতের পক্ষ থেকে চিঠি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : আসন্ন দুর্গাপূজা উপলক্ষে ইলিশ পাঠাতে বাংলাদেশের কাছে চিঠি পাঠিয়েছে ভারত। দেশটির ফিস ইমপোর্টার অয়াসোসিয়েশন ইলিশ রপ্তানির জন্য আবেদন জানিয়েছে বাংলাদেশ সরকারের কাছে।

মঙ্গলবার ভারতীয় সংবাদমাধ্যম হিন্দুস্তান টাইমস এক প্রতিবেদনে জানায়, বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদত্যাগের পর ভারতে ইলিশ পাঠানোর বিষয়টি অনিশ্চিত হয়ে পড়েছে। ইতিমধ্যেই বাংলাদেশের পক্ষ থেকে এবার ইলিশ দেওয়া হবে না বলে ইঙ্গিতও দেয়া হয়েছে। এতে করে দুশ্চিন্তায় পড়েছেন ভারতের ইলিশ রফতানিকারকরা। কারণ বাঙালিদের অত্যন্ত প্রিয় ও দুর্গাপূজায় অন্যতম চাহিদা এই ইলিশ মাছের জন্য ভারত বাংলাদেশের ওপর নির্ভর করে থাকে। গত কয়েক বছর ধরে চলমান এ সরবরাহে ভাঁটা পড়ায় বেশ বিপাকে পড়েছেন পশ্চিমবঙ্গের ব্যবসায়ীরা। এমন অবস্থায় ভারতের পক্ষ থেকে ইলিশ পাঠানোর আবেদন জানিয়েছে ফিস ইমপোর্টার অ্যাসোসিয়েশন। তবে যেহেতু বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতির পরিবর্তন ঘটেছে। তাই এবার ইলিশ ভারতে যাবে কিনা এ ব্যাপারেও রয়েছে যথেষ্ট অনিশ্চয়তা। ইতিমধ্যে দুর্গাপূজা উপলক্ষে ভারতে ইলিশ পাঠানোর জন্য বাংলাদেশ সরকারের উপদেষ্টা তৌহিদ হোসেনের কাছে আবেদন করেছে ফিস ইমপোর্টার অ্যাসোসিয়েশন।

এদিকে, পশ্চিমবঙ্গের পাশাপাশি ত্রিপুরা ও আসামেও যায় বাংলাদেশের ইলিশ। বিশ্বের ইলিশ চাহিদার প্রায় ৭০ শতাংশ যোগানদাতা হিসেবে বাংলাদেশ এবার ভারতের আবদার পূরণ করবে কিনা? যদিও বা করে, তাহলে কতটা ইলিশ যাবে? সেই ইলিশের দাম কি মধ্যবিত্তের নাগালের মধ্যে থাকবে? পূজার আগে যাবে নাকি তার দিনের কোনও পরিবর্তন হবে? এসব প্রশ্নের উত্তর মেলেনি।

তবে যদি বাংলাদেশ সরকার একেবারেই ইলিশ সরবরাহ না করে সে ক্ষেত্রে ভারতকে মিয়ানমার থেকে আমদানি করতে হবে বলে জানিয়েছেন বিশ্লেষকরা।

## শিকাগোয় স্বামী বিবেকানন্দের ভাষণের

## ১৩২তম বার্ষিকী স্মরণ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর

**নয়াদিল্লি, ১১ সেপ্টেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন** : প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ১৮৯৩ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের শিকাগোয় স্বামী বিবেকানন্দের বিখ্যাত ভাষণ সকলের সঙ্গে ভাগ করে নেন। শ্রী মোদী বলেন, ভারতের বহু বছরের পুরনো ঐক্য, শান্তি ও সৌভ্রাতৃত্বের বার্তাকে ছড়িয়ে দিয়েছেন স্বামী বিবেকানন্দ, যা প্রজন্মের পর প্রজন্মকে প্রেরণা জুগিয়ে চলেছে। এক্স পোস্টে প্রধানমন্ত্রী লিখেছেন:

"১৮৯৩-এ আজকের দিনে স্বামী বিবেকানন্দ শিকাগোয় তাঁর সেই বিখ্যাত ভাষণ দিয়েছিলেন। তিনি ভারতের বহু বছরের পুরনো ঐক্য, শান্তি ও সৌভ্রাতৃত্বের বার্তাকে বিশ্বে ছড়িয়ে দিয়েছিলেন। তাঁর বাণী প্রজন্মের পর প্রজন্মকে প্রেরণা জুগিয়ে যাবে, একাত্মতা ও সম্প্রীতির শক্তির কথা আমাদের স্মরণ করিয়ে দেবে।"




ভেষজ ওষুধ 'সিদ্ধা'

## কিশোরীদের রক্তাল্পতার প্রবণতা কমায় : সমীক্ষা

**নয়াদিল্লি, ১০ সেপ্টেম্বর ২০২৪ : নিউজ সারাদিন** : ইন্ডিয়ান জার্নাল অফ ট্র্যাডিশনাল নলেজ পত্রিকায় প্রকাশিত জনস্বাস্থ্যগত বিভিন্ন উদ্যোগের ওপর গবেষকদের একটি সমীক্ষায় দাবি করা হয়েছে যে ভেষজ ওষুধ 'সিদ্ধা' কিশোরীদের রক্তাল্পতার প্রবণতা কমায়। এই গবেষকদের মধ্যে রয়েছেন আয়ুষ মন্ত্রকের আওতাধীন ন্যাশনাল ইনস্টিটিউট অফ সিদ্ধা, তামিলনাড়ুর জেভিয়ার রিসার্চ ফাউন্ডেশন এবং ভেলুমাইলু মেডিকেল কলেজ অ্যান্ড হসপিটালের প্রতিনিধিরা। তাঁরা বলছেন, বিভিন্ন প্রকরণের সিদ্ধার মিশ্রণে গঠিত ওষুধ রক্তে হেমোগ্লোবিনের পরিমাণ বাড়ায়। ২,৬৪৮ জন কিশোরীকে নিয়ে এই সমীক্ষা করা হয়েছে। এদের মধ্যে ২,৩০০ জন ৪৫ দিনের সমীক্ষা কর্মসূচিতে প্রথম থেকেই ছিল। এবিএমএন নামে ওই মিশ্রণ তাদের ওপর প্রয়োগ করা হয় ৪৫ দিন ধরে। রক্তে হেমোগ্লোবিনের মাত্রা বাড়ার পাশাপাশি এদের শ্বাসকষ্ট, ক্লান্তি, মাথাধরার মতো উপসর্গও অনেক কমে গেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্ধারিত মান অনুযায়ী ১১.৯ এমজি/ডিএল বা তার বেশি মাত্রার হেমোগ্লোবিন কাম্য। অনুপাতটি ৮.০ এমজি/ডিএল-এর নিচে হলে রক্তাল্পতা খুবই বেশি বুঝতে হবে। ন্যাশনাল ইনস্টিটিউট অফ সিদ্ধার নির্দেশক ডঃ আর মীনাকুমারী বলেছেন, আয়ুষ মন্ত্রকের জনস্বাস্থ্য সংক্রান্ত উদ্যোগে 'সিদ্ধা' ওষুধটির বিশেষ ভূমিকা রয়েছে।

১-ম পাতার পর

# সুপ্রিম কোর্টে আর্জি খারিজ, গরু পাচার মামলায় হয়েছিল আবেদন

খারিজ করে দিল সুপ্রিম কোর্ট।কয়লা পাচার মামলায় নয়া দিল্লিতে ইডি-র দফতরে হাজিরা দেওয়ার নির্দেশ দিয়ে সমন পাঠানো হয়েছিল অভিষেক ও রুজিরাকে। তদন্তকারী সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট অভিষেক ও রুজিরাকে তলব করেছিল দিল্লিতে। ইডি তলবকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিলেন তারা। তবে সুরাহা হল না। সোমবার তৃণমূল কংগ্রেসের সেকেন্ড-ইন-কমান্ড তথা লোকসভা সাংসদের আর্জি খারিজ করে দেয় দেশের সর্বোচ্চ আদালত।

অভিষেক ও রুজিরার আর্জি ছিল ইডি দিল্লিতে কেন তাদের তলব করেছে। যাতে কলকাতায় তলব করা হয় সেই আর্জি জানানো হয়েছিল। অন্যদিকে ইডির দাবি, নিরাপত্তার কারণে তাদের কলকাতায় ডেকে জিজ্ঞাসাবাদ করার বদলে দিল্লিতে তলব করা হয়েছিল। সোমবার সুপ্রিম কোর্টের বিচারপতি বেলা ত্রিবেদী এবং সতীশচন্দ্র শর্মার বেঞ্চে অভিষেক মামলা ওঠে। অভিষেক ও রুজিরার হয়ে সওয়াল করেন কপিল সিবাল, অভিষেক মনু সিংভি এবং গোপাল শঙ্করনারায়ণ। তবে অভিষেক ও রুজিরার আর্জি খারিজ করে দেয় সুপ্রিম কোর্ট।

## ছোট কৃষি খামারগুলির জন্য ডিফিউজড রিফ্লেকট্যান্স স্পেক্ট্রোস্কোপি ভিত্তিক পদ্ধতিতে দ্রুত মাটি পরীক্ষার বিষয়ে নতুন আবিষ্কার

:ছোট কৃষি খামারগুলিতে দ্রুত মাটি পরীক্ষার জন্য হায়দ্রাবাদের ইন্টারন্যাশনাল ক্রপস রিসার্চ ইন্সটিটিউট অফ সেমি-অ্যারিড ট্রপিক্স (আইসিআরআইএসএটি)-এর সহযোগিতায় আইআইটি খড়গপুর, ডিফিউজড রিফ্লেকট্যান্স স্পেক্ট্রোস্কোপি মডেল আবিষ্কার করেছে। আইআইটি খড়গপুরের এগ্রিকালচারাল অ্যান্ড ফুড ইঞ্জিনিয়ারিং (এজিএফই) দপ্তরে দীর্ঘ গবেষণায় দেখা গেছে, দ্রুত মাটি পরীক্ষার জন্য ডিফিউজড রিফ্লেকট্যান্স স্পেক্ট্রোস্কোপি (ডিআরএস) পদ্ধতি নিশ্চিন্তে ব্যবহার করা যায়। মাটি পরীক্ষার গবেষণাগারগুলিতে প্রথাগত ভাবে যে ওয়েট কেমিস্ট্রি ভিত্তিক পদ্ধতি ব্যবহার করা হয়, তাতে সময় যেমন বেশি লাগে, তেমনি খরচও বেশি হয়। অন্যদিকে, নতুন পদ্ধতিতে অতি দ্রুত স্পর্শ ছাড়াই মাটি পরীক্ষা করা যায় এবং স্পেক্ট্রাল অ্যালগরিদমের সাহায্যে এর ফলাফল বিভিন্ন মাপকাঠিতে প্রকাশও করা যায়। কোন একটি অঞ্চলের ডিফিউজড রিফ্লেকট্যান্স স্পেক্ট্রোস্কোপি (ডিআরএস) অ্যালগরিদম একবার তৈরি করা হয়ে গেলে তার সাহায্যে সেই অঞ্চলের বিভিন্ন কৃষি ক্ষেত্রের মাটির নমুনা বিভিন্ন সময়ে বিশ্লেষণের জন্য ব্যবহার করা সম্ভব। এই প্রযুক্তি অতিদ্রুত কাজ করে। এতে কোন রাসায়নিকের ব্যবহার হয় না এবং এটি সম্পূর্ণ নিরাপদ। ডিআরএস-এর সাহায্যে জমির ১৭টি মাপকাঠির মধ্যে ৮টি মাপকাঠি পরীক্ষা করা যায়। নির্ভুলতার হার ৮০ শতাংশ পর্যন্ত। বিশেষত ডিআরএস-এর সাহায্যে তৈরি সয়েল টেস্ট ক্রপ রেসপন্স (এসটিসিআর) রেটিং, ওয়েট কেমিস্ট্রি ভিত্তিক রেটিং-এর সঙ্গে ৪৩ থেকে ১০০ শতাংশ পর্যন্ত মিলে যায়। আইআইটি খড়গপুরের অধ্যাপক বি. এস. দাস বলেছেন, "এটা একটা দারুণ সুযোগ। কারণ, পুষ্টি ব্যবস্থাপনার অধিকাংশ কৌশলই এসটিসিআর রেটিং-এর ওপর ভিত্তি করে হয় এবং এই রেটিংগুলি ডিআরএস-এর সাহায্যে অতিদ্রুত নিরাপদে নির্ণয় করা সম্ভব"। অধ্যাপক দাস আরও বলেন, ৬০ শতাংশেরও বেশি নতুন নমুনা, ৭০ শতাংশ নির্ভুলতার সঙ্গে অনুমান করা সম্ভব হয়েছে। এতে ডিআরএস-এর বিপুল সম্ভাবনার ইঙ্গিত স্পষ্ট। আইসিআরআইএসএটি-এর সঙ্গে অংশীদারিত্ব, এই উদ্ভাবনী উদ্যোগের ক্ষেত্রে বিশেষ সহায়ক হয়েছে বলে তিনি মন্তব্য করেন। আইসিআরআইএসএটি-র মহানির্দেশক ডঃ জ্যাকলিন হাঘেস বলেছেন, "আইসিআরআইএসএটি বরাবরই সেন্সার নির্ভর প্রযুক্তির উন্নয়নে বিশ্বব্যাপী উদ্যোগের শিরোভাগে থেকেছে। মাটির পুষ্টিগুণ বিশ্লেষণে এনআইআরএস ভিত্তিক স্পেক্ট্রোস্কোপি নিয়ে আমাদের সাম্প্রতিক কাজ এবং মাটি বিশ্লেষণের জন্য ডিআরএস মডেল নিয়ে গবেষণা, সম্পদের অভাবে ভোগা কৃষিব্যবস্থায় দ্রুত ও ব্যয় সাশ্রয়ী বিকল্প প্রদানে আমাদের অঙ্গীকারের প্রতিফলন"। এর মাধ্যমে রিমোট সেন্সিং-এর সাহায্যে মাটি পরীক্ষার দিকে আরও একধাপ এগোনো গেল। এর ফলে আমাদের দেশের লক্ষ লক্ষ ক্ষুদ্র কৃষক উপকৃত হবেন। কৃষি পদ্ধতিকে আরও উন্নত করে তুলতে ব্যয় সাশ্রয়ী মাটি বিশ্লেষণের লক্ষ্যে আইআইটি খড়গপুর দীর্ঘদিন ধরে যে প্রয়াস চালিয়ে আসছে, এই আবিষ্কার সেদিকেও এক বড় পদক্ষেপ।

২ পাতার পর

# মোদিকে কটাক্ষ করা মালদ্বীপের দুই মন্ত্রীর পদত্যাগ

প্রেসিডেনট মুইজ্জুর মন্ত্রিসভার তিনজন সদস্যের বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যমে মোদিকে উদ্দেশ করে অবমাননাকর মন্তব্য এবং তাকে 'ক্লাউন' বলে উল্লেখ করার অভিযোগ ওঠে। তারা হলেন- মারিয়াম শিউনা, মালসা শরিফ ও মাহজুম মজিদ। ভারতের প্রধানমন্ত্রীর উদ্দেশে অবমাননাকর বক্তব্যের অভিযোগে এই তিনজনকেই গত জানুয়ারি মাসে সাময়িক বরখাস্ত করা হয়েছিল। তাদের মধ্যে মারিয়াম ও মালসা মন্ত্রিসভা থেকে মঙ্গলবার অব্যাহতি নিলেন। মাহজুম মাজিদ রিপোর্ট লেখা পর্যন্ত পদত্যাগপত্র জমা দেননি।

১ পাতার পর

# রণংদেহী মনোভাব ছেড়ে ডিগবাজি খেয়ে দিল্লির সঙ্গে সুসম্পর্ক চাইলেন মুহাম্মদ ইউনূস

শোনার পরেই রণংদেহী মনোভাব ছেড়ে ডিগবাজি খেয়ে দিল্লির সঙ্গে সুসম্পর্ক চাওয়ার কথা জানালেন বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান।অবৈধভাবে ক্ষমতায় বসার এক মাস পূর্তি উপলক্ষে বুধবার সন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণ দেন বাংলাদেশের মানুষের কাছে 'নব্য সুদখোর মহাজন' হিসাবে পরিচিত মুহাম্মদ ইউনূস। ভাষণে তিনি বলেন, 'যেসব সরকার প্রধানের সঙ্গে আমার টেলিফোনে যোগাযোগ হয়েছে তাদের মধ্যে রয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। আমরা ভারত এবং অন্যান্য প্রতিবেশী রাষ্ট্রসমূহের সঙ্গে সুসম্পর্ক চাই। ভারতের সঙ্গে আমরা ইতিমধ্যে বন্যা মোকাবিলায় উচ্চপর্যায়ের দ্বিপক্ষীয় সহযোগিতার আলোচনা শুরু করেছি। দক্ষিণ এশিয়ায় আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে আমি সার্ক রাষ্ট্র গোষ্ঠী পুনরুজ্জীবিত করার উদ্যোগ নিয়েছি।'

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

দৈনিক সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৫০ সংখ্যা ১২ সেপ্টেম্বর, ২০২৪ বৃহস্পতিবার ২৬ ভাদ্র, ১৪৩১

## মণিপুরে ড্রোন-রকেট হামলার অস্ত্র এল কোথা থেকে?



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারতের মণিপুর রাজ্যে সম্প্রতি সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী কুকিরা ড্রোন ও রকেট ব্যবহার করে হামলা চালিয়েছে। এ ঘটনা স্থানীয় প্রশাসনকে হতবাক করে দিয়েছে। এই উন্নত অস্ত্রগুলো কীভাবে বিদ্রোহীদের হাতে এলো, তা নিয়ে চলছে তদন্ত।

ভারতীয় সংবাদমাধ্যম নিউজ-১৮ জানিয়েছে, গোয়েন্দারা প্রাথমিক তদন্তে মিয়ানমার সীমান্তের কাছের কিছু এলাকাকে বিদ্রোহীদের ঘাঁটি হিসেবে চিহ্নিত করেছেন। ধারণা করা হচ্ছে, এসব জায়গায় অস্ত্র তৈরি হচ্ছে এবং সেখান থেকে সরবরাহ করা হচ্ছে কুকি বিদ্রোহীদের কাছে।

একজন উচ্চপদস্থ মণিপুর সরকারি কর্মকর্তা জানিয়েছেন, প্রাথমিকভাবে এসব অস্ত্রের মধ্যে অ্যামোনিয়াম এবং জেলিগ্নাইটের মতো বিস্ফোরক পাওয়া গেছে। যদিও উচ্চমাত্রার বিস্ফোরকের উপস্থিতি এখনো পাওয়া যায়নি, তবে তদন্ত চলছে। ভবিষ্যতে এর সন্ধান পাওয়া যেতে পারে বলে মনে করা হচ্ছে।

এছাড়া মণিপুর পুলিশের অভিযানে কিছু অস্ত্র উদ্ধার করা হয়েছে। যেগুলোর ফায়ারিং রেঞ্জ সাধারণ অস্ত্রের চেয়ে অনেক বেশি। গত সপ্তাহে কুকি ও মেতেই জনগোষ্ঠীর মধ্যে সংঘর্ষের সময় গোলাগুলির ঘটনায় অন্তত একজন ব্যক্তি নিহত হন।

নতুন করে সহিংসতা শুরু হওয়ায় মণিপুরের কিছু অঞ্চলে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ এবং বেসরকারি প্রতিষ্ঠানগুলো সাময়িকভাবে কার্যক্রম স্থগিত করেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে জিরিবাম বিভাগে অনির্দিষ্টকালের জন্য জরুরি অবস্থা জারি করা হয়েছে এবং ৫ জনের বেশি মানুষকে একত্রিত হওয়ার উপর নিষেধাজ্ঞা দেয়া হয়েছে।

## সম্পাদকীয়

### পরিবেশ-বান্ধব হাইড্রোজেন জ্বালানী উৎপাদন ও ব্যবহারকে ত্বরান্বিত করতে আসুন আমরা একযোগে কাজ করি”

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও বার্তায় পরিবেশ-বান্ধব হাইড্রোজেন জ্বালানী বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনে বক্তব্য রেখেছেন। প্রধানমন্ত্রী তাঁর ভাষণের শুরুতে দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলনে সকলকে উষ্ণ অভ্যর্থনা জানান। তিনি বলেন, সারা পৃথিবী আজ এক গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণে দাঁড়িয়ে রয়েছে। জলবায়ু পরিবর্তনের ফলে উদ্ভূত পরিস্থিতির বিষয়টি সকলকে উপলব্ধি করতে হবে। এর প্রভাব ভবিষ্যতে নয়, এখন থেকেই অনুভূত হচ্ছে। “এই মুহূর্তে এখান থেকেই আমাদের কাজ শুরু করতে হবে”। জ্বালানীর সুস্থায়ী ব্যবহার বর্তমানে আন্তর্জাতিক নীতি-নির্ধারকদের তালিকায় সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। সবুজ দূষণমুক্ত এক বিশ্ব গড়ে তুলতে ভারতের অঙ্গীকারের কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, পরিবেশ-বান্ধব জ্বালানী সংক্রান্ত প্যারিস অঙ্গীকার বাস্তবায়নে জি-২০ গোষ্ঠীভুক্ত দেশগুলির মধ্যে আমরা প্রথম সারিতে রয়েছি। ২০৩০ সালের লক্ষ্যমাত্রার নয় বছর আগেই এই প্রতিশ্রুতিগুলি পূরণ করা হয়েছে। গত ১০ বছরের সাফল্যের খতিয়ান উল্লেখ করে তিনি আরও বলেন, ভারতের অজীবাশ্ম জ্বালানী ব্যবহারের ক্ষমতা প্রায় ৩০০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। সৌরশক্তির ব্যবহার বেড়েছে ৩ হাজার শতাংশ। কিন্তু, এরজন্য আমরা কোনও আত্মতুষ্টিতে ভুগছি না। নতুন নতুন ক্ষেত্রের সন্ধানে নানা উদ্ভাবনমূলক উদ্যোগ নেওয়া শুরু হয়েছে। এর মাধ্যমে বিভিন্ন সমস্যার সমাধান করা হচ্ছে। পরিবেশ-বান্ধব হাইড্রোজেনের ব্যবহার নিয়ে ভাবনাচিন্তা তারই অঙ্গ। প্রধানমন্ত্রী বলেন, “বিশ্বে জ্বালানীর ক্ষেত্রে পরিবেশ-বান্ধব হাইড্রোজেনের ব্যবহার ইতিবাচক”। এর ফলে, শিল্প সংস্থাগুলির জ্বালানী ব্যবহারের সময় কার্বন নিঃসরণ কম হবে। শোধনাগার, সার, ইস্পাত সহ বিভিন্ন ক্ষেত্রে হাইড্রোজেন জ্বালানীর ব্যবহার পরিবেশ দূষণকে হ্রাস করবে। অতিরিক্ত পুনর্নবীকরণযোগ্য জ্বালানী সঞ্চয়ের ক্ষেত্রে পরিবেশ-বান্ধব হাইড্রোজেন গুরুত্বপূর্ণ হতে পারে। ভারত এই জ্বালানী উৎপাদনে আন্তর্জাতিক ক্ষেত্রের অন্যতম কেন্দ্র হয়ে ওঠার পরিকল্পনা নিয়েছে। এরই অঙ্গ হিসেবে ২০২৩ সালে জাতীয় পরিবেশ-বান্ধব হাইড্রোজেন মিশনের সূচনা করা হয়েছে। এর ফলে, এদেশের উৎপাদিত হাইড্রোজেন জ্বালানী ব্যবহারের পরও অতিরিক্ত জ্বালানী বিদেশে রপ্তানী করা যাবে। “উদ্ভাবন, পরিকাঠামো, শিল্প ও বিনিয়োগের ক্ষেত্রে জাতীয় পরিবেশ-বান্ধব হাইড্রোজেন মিশন এক গতির সঞ্চার করেছে”। অত্যাধুনিক প্রযুক্তি সংক্রান্ত গবেষণা ও উন্নয়নে বিনিয়োগের জন্য নানা উদ্যোগ নেওয়া হয়েছে। শিল্প মহল এবং শিক্ষা জগতের মধ্যে অংশীদারিত্ব গড়ে তোলা এক্ষেত্রে গুরুত্বপূর্ণ। সংশ্লিষ্ট ক্ষেত্রে নতুন উদ্যোগ গড়ে তুলতে উৎসাহ দিতে হবে। পরিবেশ-বান্ধব কর্মসংস্থান সৃষ্টিতে পরিবেশ-বান্ধব হাইড্রোজেন জ্বালানীর গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। দেশের যুব শক্তির দক্ষতা বিকাশে তাঁর সরকারের বিভিন্ন উদ্যোগের কথা তিনি তুলে ধরেন। জলবায়ু পরিবর্তন এবং জ্বালানী ব্যবহার সংক্রান্ত আন্তর্জাতিক উদ্বেগের কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, এই ধরনের সমস্যার সমাধান আন্তর্জাতিক স্তরেই করতে হবে। কার্বন নিঃসরণের হার হ্রাস করতে পরিবেশ-বান্ধব হাইড্রোজেনের ব্যবহার বৃদ্ধিতে আন্তর্জাতিক স্তরে অংশীদারিত্বের প্রয়োজন। হাইড্রোজেন জ্বালানীর উৎপাদন বৃদ্ধি করলে এর দাম কমবে। আন্তর্জাতিক স্তরের সহযোগিতার মাধ্যমে পরিকাঠামো দ্রুতগতিতে গড়ে তুলতে হবে। এক্ষেত্রে যৌথভাবে গবেষণা ও উদ্ভাবনের উপর গুরুত্ব দেন তিনি। ২০২৩ সালের সেপ্টেম্বরে ভারতে অনুষ্ঠিত জি-২০ শিখর সম্মেলনের প্রসঙ্গ উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, সেই সময় পরিবেশ-বান্ধব হাইড্রোজেন জ্বালানীর উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়। নতুন দিল্লির জি-২০ নেতৃবৃন্দের ঘোষণাপত্রে হাইড্রোজেন জ্বালানী সংক্রান্ত যে নীতি গ্রহণ করা হয়েছে, তা একটি অভিন্ন পরিকল্পনা রূপায়ণে সহায়ক হবে। “আমাদের সকলকে মনে রাখতে হবে, আজ আমরা যে সিদ্ধান্তগুলি গ্রহণ করব, তা আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জীবনযাত্রার উপর প্রভাব বিস্তার করবে”।

শ্রী মোদী পরিবেশ-বান্ধব জ্বালানীর ব্যবহারকে আরও কার্যকর করার জন্য আন্তর্জাতিক স্তরের সহযোগিতার আহ্বান জানান। এক্ষেত্রে বিশেষজ্ঞ এবং বিজ্ঞানীদের নেতৃত্ব দিতে অনুরোধ জানান তিনি। “এই গুরুত্বপূর্ণ ক্ষেত্রে বিশেষজ্ঞদের নেতৃত্ব দিতে হবে এবং একযোগে কাজ করতে হবে”। পরিবেশ-বান্ধব হাইড্রোজেন জ্বালানী শিল্প যেসব সমস্যার সম্মুখীন, সেই সমস্যা উত্তরণে যৌথ উদ্যোগের উপর গুরুত্ব দেন প্রধানমন্ত্রী। এর জন্য বিজ্ঞানী ও উদ্ভাবকদের উৎসাহিত করতে হবে। আন্তর্জাতিক স্তরে বৈজ্ঞানিক সম্প্রদায়ের উদ্দেশে তিনি জানতে চান যে, “পরিবেশ-বান্ধব হাইড্রোজেন উৎপাদনের ক্ষেত্রে ব্যবহৃত ইলেক্ট্রোলাইজার সহ অন্যান্য উপাদানগুলিকে আমরা কি আরও উন্নত করতে পারি? এর উৎপাদনে সমুদ্রের জল এবং বিভিন্ন পুরসভার বর্জ্য জলকে কাজে লাগানো কি সম্ভব”? জনপরিবহণ, জাহাজ চলাচল এবং দেশের অভ্যন্তরের নৌ-পরিবহণে পরিবেশ-বান্ধব হাইড্রোজেন জ্বালানী ব্যবহারের ক্ষেত্রে যে সমস্যা রয়েছে, তার সমাধানের উপর গুরুত্ব দেন তিনি। শ্রী মোদী আশা প্রকাশ করেন, এক্ষেত্রে দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলনের আলোচনা এক্ষেত্রে সহায়ক হবে। মানব সভ্যতার ইতিহাসে বিভিন্ন সমস্যা “প্রতিবার যৌথ উদ্ভাবনমূলক উদ্যোগের মাধ্যমে সমাধান করা সম্ভব হয়েছে” বলে, প্রধানমন্ত্রী মন্তব্য করেন। এক সুস্থায়ী ভবিষ্যৎ গড়তে একইভাবে যৌথ উদ্যোগ ও উদ্ভাবনের প্রয়োজন। পরিবেশ-বান্ধব হাইড্রোজেন জ্বালানীর উৎপাদন ও ব্যবহার বৃদ্ধি আবশ্যক। পরিশেষে, প্রধানমন্ত্রী সম্মেলনে অংশগ্রহণকারী সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। সবুজ ও সুস্থায়ী এক বিশ্ব গড়ে তুলতে সকলের সহযোগিতার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে তিনি বলেন, “আসুন, পরিবেশ-বান্ধব হাইড্রোজেন জ্বালানীর ব্যবহার ও উৎপাদন বৃদ্ধিতে আমরা একযোগে উদ্যোগী হই”।

## জঙ্গলের দেবী মা মনসা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কিন্তু সকল সাবধানতা স্বত্তেও মনসা তার উদ্দেশ্য বাস্তবায়নে সমর্থ হয়। তার পাঠানো একটি সাপ লক্ষিন্দরকে হত্যা করে। প্রচলিত প্রথা অনুসারে যারা সাপের দংশনে নিহত হত তাদের সৎকার প্রচলিত পদ্ধতিতে না করে তাদের মৃতদেহ ভেলায় করে নদীতে ভাসিয়ে দেয়া হত এ আশায় যে ব্যক্তিটি হয়ত কোন অলৌকিক পদ্ধতিতে ফিরে আসবে। বেহুলা সবার বাঁধা অগ্রাহ্য করে তার মৃত স্বামীর সাথে ভেলায় চড়ে বসে। তারা ছয় মাস ধরে যাত্রা করে এবং গ্রামের পর গ্রাম পাড়ি দিতে থাকে। ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# আদ্যাশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথম পর্ব)



আমি জানতাম মাতৃ শক্তি এই পৃথিবীর আদি শক্তির মূল উৎস, এই মাতৃ শক্তিকে বহুভাবে আমরা কল্পনা করে কাল্পনিক রূপ দিয়ে পূজা করেছি। তবে ফিরে পেয়েছি স্বস্তি ও মনোস্থির এবং ভেতর থেকে শক্তি যোগানার এক উৎস। তাই শক্তির উৎস খুলতে গিয়ে খুঁজে পেলাম, মাতৃ শক্তির প্রথম পূজারী কে? রাজা সুরথই পৃথিবীতে প্রথম দেবী দুর্গার পুজো করেন। এই নিয়ে একটি আখ্যান আছে। চন্দ্রবংশীয় সুরথ ছিলেন একজন সুশাসক রাজা। কোনও এক যুদ্ধে শত্রুদের কাছে পরাজিত হয়ে বনে চলে যান। তাঁর দুরাবস্থার সুযোগে তাঁরই অমাত্যরা রাজার ধনসম্পদ ও রাজ্য অধিকার করে নেয়। বনে ভ্রমণ করতে করতে রাজা সুরথ তপোবনে এসে মেধা ঋষির আশ্রমে এসে উঠলেন। আশ্রমের জীবন-যাপন অন্য রকম, সেখানে সাংসারিক চিন্তা স্থান পায় না। কিন্তু সেখানেও হৃতরাজ্যের ভালমন্দের চিন্তায় রাজা শঙ্কিত হতে থাকতেন। ওই সময়ে সমাধি নামক এক বৈশ্যের সঙ্গে সাক্ষাৎ হল রাজার। তাঁর সঙ্গে আলাপ করে জানলেন, অসাধু স্ত্রীপুত্ররা সেই বৈশ্যের সর্বস্ব অধিকার করে তাঁকে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# মণিপুরে অতিরিক্ত ২০০০ পুলিশ পাঠাচ্ছে মোদি সরকার



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** সহিংসতায় উত্তপ্ত ভারতের পূর্বাঞ্চলীয় রাজ্য মণিপুরে কেন্দ্রীয় বাহিনীর আরও দুটি ব্যাটালিয়ন পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে মোদি সরকার।

সিআরপিএফ (সিআরপিএফ) এ দুটি ব্যাটালিয়নে রয়েছেন প্রায় দুই হাজার সদস্য।

স্থানীয় সংবাদমাধ্যম পিটিআই এ তথ্য জানিয়েছে। এতে বলা হয়, ৫৮ নম্বর ব্যাটালিয়নটিকে তেলেঙ্গানার ওয়ারাঙ্গল থেকে এবং ১১২ নম্বর ব্যাটালিয়নকে ঝাড়খণ্ডের লাতেহার থেকে পাঠানো হচ্ছে। প্রথম ইউনিটটি মণিপুরের কাংভাইয়ে (চুরাচাঁদপুর) এবং দ্বিতীয়টি ইম্ফলের চারপাশে দায়িত্বপালন করবে।

জম্মু-কাশ্মীর এবং উত্তর-পূর্বের অন্যান্য অংশে অপারেশনাল দায়িত্বপালনের জন্য আসাম রাইফেলসের দুটি ব্যাটালিয়ন মণিপুর থেকে প্রত্যাহারের পর এই পদক্ষেপ নিয়েছে কেন্দ্রীয় সরকার।

ভারতীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশে বলা হয়েছে, নতুন এ দুটি ইউনিটের সবগুলো কোম্পানিকে (প্রতিটিতে প্রায় ৬টি) সংঘাত কবলিত রাজ্যের বিভিন্ন অংশে ঘাঁটি তৈরি করতে হবে।

গত বছরের মে মাস থেকে জাতিগত সংঘাতে মণিপুরে রিপোর্ট লেখা পর্যন্ত ২০০ জনের বেশি মানুষ প্রাণ হারিয়েছেন। এর মধ্য গত ১০ দিনে নিহত হয়েছেন অন্তত ১১ জন।

জাতিগত এই সংঘাতের জেরে রাজ্যটিতে আগে থেকেই সিআরপিএফের ১৬টি ব্যাটালিয়ন মোতায়েন ছিল। গত সপ্তাহে তারা ইম্ফল পশ্চিম, ইম্ফল পূর্ব, চুরাচাঁদপুর, ননি, জিরিবাম, কাংপোকপি, বিষ্ণুপুরে অপারেশনাল ঘাঁটি স্থাপন করেছে বলে জানা গেছে।

সংঘাতের আগে মণিপুরে সাধারণত সিআরপিএফের ১০ থেকে ১১টি ব্যাটালিয়ন মোতায়েন থাকতো। কিন্তু এবার তীব্র সহিংসতার জেরে সেটি ১৮টিতে গিয়ে দাঁড়াচ্ছে। অর্থাৎ, মণিপুরে মোতায়েন কেন্দ্রীয় বাহিনীর সদস্য সংখ্যা প্রায় দ্বিগুণ করতে চলেছে মোদি সরকার।

# যুক্তরাষ্ট্র সফরে বাংলাদেশ প্রসঙ্গে 'বিস্ফোরক' মন্তব্য রাহুল গান্ধীর



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** সম্প্রতি যুক্তরাষ্ট্রে সফরে গেছেন ভারতের বিরোধীদলীয় নেতা ও ভারতীয় জাতীয় কংগ্রেস নেতা রাহুল গান্ধী। এই সফরে বাংলাদেশের প্রঙ্গস নিয়ে কথা বলেছেন তিনি। স্থানীয় সময় গতকাল মঙ্গলবার যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসির ন্যাশনাল প্রেসক্লাবে সাংবাদিকদের সঙ্গে এক আলোচনা সভায় এ বিষয়ে কথা বলেন তিনি।

ভারতীয় বার্তাসংস্থা পিটিআইয়ের বরাত দিয়ে বুধবার (১১ সেপ্টেম্বর) এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে দেশটির সংবাদমাধ্যম বিজনেস স্ট্যান্ডার্ড।

রাহুল গান্ধী বলেছেন, বাংলাদেশে সম্ভাব্য 'উগ্রবাদের' উত্থান নিয়ে ভারত উদ্বিগ্ন। একই সঙ্গে তিনি আশা প্রকাশ করেছেন, বাংলাদেশে রাজনৈতিক পরিস্থিতি শিগগির স্থিতিশীল হবে এবং ভারত বর্তমান সরকার এবং পরবর্তী অন্যান্য সরকারের সঙ্গে কাজ করতে সক্ষম হবে। এসময় তিনি বলেছেন, নির্দিষ্ট কোনো দল কিংবা ব্যক্তির সঙ্গে বিশেষ সম্পর্ক নয়, বাংলাদেশের বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার কিংবা ভবিষ্যতে যেকোনো সরকারের সঙ্গে কাজ করতে আগ্রহী ভারত। এছাড়া বাংলাদেশে 'উগ্রবাদ' উত্থানের হুমকি ভারতের জন্য উদ্বেগের বলেও মন্তব্য করেছেন তিনি। রাহুল ইঙ্গিত দিয়েছেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক, সন্ত্রাসবাদের প্রবাহ বন্ধ না করা পর্যন্ত পাকিস্তানের সঙ্গে কোনো আলোচনা না করা, ইসরাইল ইস্যু ও বাংলাদেশে চরমপন্থী উপাদানসহ ভারতের পররাষ্ট্রনীতির প্রধান প্রধান ইস্যুতে তার দল কংগ্রেস প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন ক্ষমতাসীন বিজেপির সঙ্গে জোটবদ্ধ।

বাংলাদেশের বিষয়ে এক প্রশ্নের জবাবে রাহুল গান্ধী বলেন, বাংলাদেশে চরমপন্থী উপাদান নিয়ে ভারতে উদ্বেগ আছে এবং (বিজেপি সরকারের মতো) আমরাও উদ্বিগ্ন। তিনি বলেন, তবে আমি আত্মবিশ্বাসী যে বাংলাদেশে পরিস্থিতি স্থিতিশীল হবে এবং আমরা বর্তমান সরকার বা তার পরে অন্য কোনো সরকারের সঙ্গে সম্পর্ক রাখতে সক্ষম হব। ভারতীয় সংবাদমাধ্যম বিজনেস স্ট্যান্ডার্ডের প্রতিবেদনে বলা হয়েছে, চার দিনের সফরে যুক্তরাষ্ট্রে গিয়েছেলিন ভারতের প্রধান বিরোধী ভারতীয় জাতীয় কংগ্রেসের সাবেক সভাপতি রাহুল গান্ধী। সফরে তিনি ভারতীয় প্রবাসীদের পাশাপাশি মার্কিন আইনপ্রণেতা, ব্যবসায়ী ও একাডেমিশিয়ানদের সঙ্গে বৈঠক করেন। এর আগে এক ইদিন রাহুল গান্ধী যুক্তরাষ্ট্রের পার্লামেন্ট ক্যাপিটল হিলে একদল মার্কিন আইনপ্রণেতার সঙ্গে বৈঠক করেন। সেখানে বাংলাদেশের ইস্যু নিয়ে আলোচনা হয়েছে বলেও জানিয়েছেন তিনি। রাহুল গান্ধী বলেন, বৈঠকে আমরা এটা (বাংলাদেশ ইস্যু) উত্থাপন করেছি এবং তারা এ বিষয়ে আমাদের সঙ্গে কথাও বলেছে।

# রাহুলের 'সংরক্ষণ বিরোধী' মন্তব্যের জেরে অমিত শাহের তীব্র সমালোচনা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ কংগ্রেসের নেতা রাহুল গান্ধীর বিরুদ্ধে তীব্র আক্রমণ করেছেন। বুধবার (১১ আগস্ট) পার্লামেন্টে দেয়া ভাষণে তিনি রাহুল গান্ধীর সমালোচনা করে বলেন, সে ভারতের জাতীয় স্বার্থ বিরোধী। এসময় অমিত শাহ বলেন, রাহুল গান্ধী আবারো প্রমাণ করেছেন, তিনি এবং তার দল জাতীয় ঐক্যের বিরুদ্ধে অবস্থান নিয়েছেন। কংগ্রেসের দীর্ঘ ইতিহাসে তারা বারবার এমন শক্তির পাশে দাঁড়িয়েছে যারা দেশকে বিভক্ত করতে চায়। অমিত শাহ বলেন, রাহুল গান্ধী যখন সংরক্ষণ ব্যবস্থা বাতিলের কথা বলেন, তখন তিনি কংগ্রেসের আসল চেহারা ফুটিয়ে তুলছেন। খবর দ্য স্টেটসম্যানের। প্রতিবেদনটিতে বলা হয়, রাজনৈতিক বক্তৃতা দিতে গিয়ে রাহুল জর্জটাউন বিশ্ববিদ্যালয়ে বলেন, ভারত যখন সুবিচার প্রতিষ্ঠিত হবে, তখন আমরা সংরক্ষণ বাতিল করার কথা ভাবতে পারি। কিন্তু এখন দেশটি সুবিচারের জন্য লড়াই করছে। এই মন্তব্যের দেশের নিরাপত্তার জন্য খুবই বিপদজনক।

তিনি আরো যোগ করেন, বিজেপি সরকারের সময় দেশের সংরক্ষণ ব্যবস্থা অক্ষত থাকবে। যতদিন বিজেপি আছে, কেউ সংরক্ষণ ব্যবস্থা বাতিল করতে পারবে না বা দেশের নিরাপত্তার সাথে খেলতে পারবে না।

রাহুলের যুক্তরাষ্ট্র সফরের মন্তব্যগুলি দেশে বিতর্কের জন্ম দিয়েছে, এবং রাজনৈতিক মহলে তার এই বক্তব্য নিয়ে ক্রমাগত আলোচনা চলছেই।

# সিনেমার খবর

## ৩০ বছর পর একসঙ্গে ফিরছেন রজনীকান্ত-আমির




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাজার বাড়াতে বলিউড ও দক্ষিণী ইন্ডাস্ট্রির মিলেমিশে সিনেমা তৈরির চল ইদানিং বেড়েছে। এবার সেই 'প্যান ইন্ডিয়া' সিনেমার তালিকায় যোগ হতে চলেছে 'কুলি' নামের একটি চলচ্চিত্র, যেখানে দক্ষিণের মহাতারকা রজনীকান্ত এবং বলিউডের তারকা আমির খানকে দেখা যাবে একসঙ্গে। ইন্ডিয়া টুডে লিখেছে, 'কুলি' নির্মাণ করবেন পরিচালক লোকেশ কানাগরাজ। আর এ কাজের মধ্য দিয়ে থালাইভা (রজনীকান্ত) এবং মিস্টার পারফেকশনিস্ট (আমির খান) একসঙ্গে পর্দায় আসছেন ৩০ বছর পর।

এর আগে তাদের একবারই একসঙ্গে পেয়েছিল দর্শক। ১৯৯৫ সালে 'আতঙ্ক হি আতঙ্ক' সিনেমায় অভিনয় করেছিলেন রজনীকান্ত ও আমির। তবে 'কুলি' নিয়ে রজনীকান্ত বা আমিরের পক্ষ থেকে কোনো মন্তব্য পাওয়া যায়নি।

৭৩ পার করা রজনীকান্ত এর আগে বলেছিলেন, চলতি বছর লোকেশ কানাগরাজের নির্মাণে ১৭১তম সিনেমা করে ক্যারিয়ারে ইতি টানবেন তিনি। 'কুলি' সেই শেষ সিনেমা কি না তা নিয়ে কৌতুহল তৈরি হয়েছে। গত বছর রজনীকান্তের 'জেলার' সিনেমাটি ৬০০ কোটি রুপির বেশি ব্যবসা করে। আর এ সিনেমা থেকে তিনি পারশ্রমিক নিয়েছে শত কোটি রুপি।

১৯৭৫ সালে কে. বালাচরণের 'অপূর্ব রাগাঙ্গল' সিনেমার মাধ্যমে তামিল সিনেমায় অভিষেক ঘটে থালাইভার। প্রথম সিনেমাতেই আসে জনপ্রিয়তা। এরপর একের পর এক সিনেমা করে দক্ষিণী সিনেমায় নিজের শক্ত অবস্থান গড়তে দেখা যায় তাকে। নিপিড়ীত কৃষক, দিনমজুর ও কুলিসহ নিম্নবিত্ত ও শোষিত শ্রেণির প্রতিবাদী চরিত্রে অভিনয় করে জনপ্রিয়তা পেলেও সব ধরনের চরিত্রেই মানিয়ে যান রজনীকান্ত।

অন্যদিকে 'লাল সিং চাড্ডা'র বক্স অফিস ব্যর্থতার পর অভিনয় থেকে সাময়িক বিরতিতে আছেন আমির। 'সিতারে জমিন পার' দিয়ে অভিনয়ে ফেরার কথা রয়েছে তার। এর মধ্যে অভিনয় না করলেও 'লাপাতা লেডিস' সিনেমাটি প্রযোজনা করেছেন আমির।

## সর্বোচ্চ করদাতা হলেন শাহরুখ খান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ২০২৩ সালটা ছিল শাহরুখ খানের প্রত্যাবর্তনের বছর। প্রায় চার বছরের বিরতি নিয়ে গত বছর তিনটি ছবি মুক্তি পায় শাহরুখের 'পাঠান', 'জওয়ান' ও 'ডাঙ্কি'। তিনটি ছবির মধ্যে প্রথম দু'টির ব্যবসা ১০০০ কোটি রুপি ছাড়িয়েছিল। বছর ভর এমন সাফল্য। তাতেই বিনোদন জগতের মধ্যে সর্বোচ্চ করদাতা হলেন শাহরুখ। এ বার, ২০২৪ সালে ৯২ কোটি টাকা কর দিয়েছেন তিনি। পিছনে ফেলে দিলেন অক্ষয় কুমার, অমিতাভ বচ্চন, সলমন খান, বিরাট কোহলিদের।

২০২২ সালে বিনোদন জগতের সবোর্চ্চ করদাতা ছিলেন অক্ষয় কুমার। এ বার তাকে ছাপিয়ে গেলেন শাহরুখ। দ্বিতীয় স্থানে রয়েছেন দক্ষিণী ছবির তারকা বিজয় থলপতি। ২০২৪ সালে ৮০ কোটি টাকার কর দিয়েছেন তিনি। সিনেমা, বিজ্ঞাপন সব মিলিয়ে তিনিই দ্বিতীয় তারকা যিনি সব থেকে বেশি কর দিয়েছেন। তৃতীয় স্থানে রয়েছেন সলমন খান। তিনি ৭৫ কোটি টাকা কর দিয়েছেন। চতুর্থ স্থানে অমিতাভ বচ্চন। তার দেওয়ার করের অঙ্ক হল ৭১ কোটি টাকা। ৬৬ কোটি টাকা কর দিয়ে পঞ্চম স্থানে বিরাট কোহলি।

এই বছর প্রথম পাঁচ করদাতার মধ্যে নেই অক্ষয়। গত বছর একের পর এক ছবি ব্যর্থ হয়েছে বক্স অফিসে। কমেছে বিজ্ঞাপনও।

## প্রীতি জিনতার প্রত্যাবর্তন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউডের এক সময়ের জনপ্রিয় নায়িকা প্রীতি জিনতা। তিনি সারাক্ষণ হাসি মুখে ছবি তোলেন, সবসময় তাকে হাসতে দেখা যায়। দেখে মনে হয় সে তার জীবনে কোনো দুঃখই নেই। কিন্তু বাস্তবে তার জীবনেও এসেছে নানা ওঠাপড়া। বিশেষ করে আইভিএফ চলাকালে নানা সমস্যার মোকাবিলা করতে হয়েছিল তাকে। একটি সাক্ষাৎকারে জানিয়েছেন সেসব দুঃসময়ের কথা।

'লাহোর ১৯৪৭' ছবির মধ্য দিয়ে তার অভিনয় জীবনে প্রত্যাবর্তন সম্পর্কে জিজ্ঞাসা করা হলে প্রীতি বলেন, 'ক্যারিয়ারে ফোকাস করা গুরুত্বপূর্ণ, তবে একজন নারী হওয়ার কারণে তাকে বুঝতে হবে যে জীবন সব সময় তোমার ওপর সুবিচার করবে না। মেয়েদের বায়োলজিক্যাল ক্লক থাকে, কিন্তু সবাই এটা ভুলে যান। তবে এর জন্য তাদের পিছিয়ে রাখার কোনো মানে হয় না। একজন মহিলাও পরিবারে সমান গুরুত্বপূর্ণ। তারাও চান কাজ করতে, নিজেদের প্রতিষ্ঠিত করতে। এখন আমার বাচ্চাদের বয়স দুই বছরের বেশি, আমি অনুভব করেছি যে আমি কাজে ফিরে যাওয়ার জন্য এবার তৈরি।'

তিনি আরো বলেন, 'অন্য সবার মতো আমারও ভালো দিন এবং খারাপ দিন রয়েছে। কখনো কখনো জীবনে সবসময় সুখী-সৌভাগ্যবান হওয়ার লড়াই করে যেতে হয়েছে। বিশেষ করে যখন কেউ কোনো কঠিন সময়ের মধ্য দিয়ে যায়।

আমি অনুভব করতাম যে আমার আইভিএফের সময় সবসময় হাসিখুশি এবং সুন্দর থাকা খুব কঠিন, তাই সেই সময় অভিনয় অভাবে করাও সম্ভব নয়।' প্রীতি জিনতা এবং তার স্বামী, জিন গুডেনাফ ২০২১ সালের নভেম্বরে যমজ সন্তান জয় এবং গিয়াকে স্বাগত জানান।

প্রসঙ্গত, প্রীতি রাজকুমার সন্তোষীর পরিচালিত ছবি 'লাহোর ১৯৪৭'-এর মাধ্যমে সিনে দুনিয়ায় প্রত্যাবর্তনের জন্য প্রস্তুতি নিচ্ছেন। সিনেমায় প্রীতির বিপরীতে থাকবেন সানি দেওল।

## নজরুলের 'নার্গিস' হচ্ছেন স্পর্শিয়া




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে নিয়ে টালিউডে তৈরি হচ্ছে সিনেমা। 'কাজী নজরুল ইসলাম' নামের এই বায়োপিকটি নির্মাণ করতে যাচ্ছেন আবদুল আলিম। এই সিনেমা দিয়েই প্রথমবার পরিচালকের আসনে বসতে যাচ্ছেন আবদুল আলিম। সিনেমার চিত্রনাট্য লিখেছেন সৌগত বসু এবং সংগীত পরিচালনা করবেন জয় সরকার। এই সিনেমায় নজরুলের স্ত্রী নার্গিসের চরিত্রে দেখা যাবে বাংলাদেশের অভিনেত্রী স্পর্শিয়াকে।

সিনেমায় তুলে ধরা হবে নজরুলের জীবনের নানা দিক, থাকবে জানা-অজানা কথা। জানা গেছে, কাজী নজরুল ইসলাম সিনেমা নিয়ে পরিচালকের সঙ্গে মৌখিক আলাপ সেরেছেন স্পর্শিয়া। প্রাথমিক আলাপে সিনেমাটিতে অভিনয়ে সম্মতি জানিয়েছেন তিনি। এই মুহূর্তে যুক্তরাষ্ট্রে আছেন অভিনেত্রী।

যুক্তরাষ্ট্র থেকে ফেরার পর হবে পাকা কথা। কাজী নজরুল ইসলামের বায়োপিকটি প্রযোজনা করছে জেবি প্রোডাকশন। কাজী নজরুলের চরিত্রে অভিনয় করবেন কিঞ্জল নন্দ। নজরুল ইসলামের দ্বিতীয় স্ত্রী প্রমীলা দেবীর চরিত্রে অভিনয়ের জন্য প্রস্তাব দেয়া হয়েছে ইশা সাহাকে।

এ ছাড়া আরো থাকছেন শেরেবাংলা ফজলুল হকের ভূমিকায় খরাজ মুখোপাধ্যায়, বিরজা সুন্দরী দেবীর চরিত্রে কাঞ্চনা মৈত্র। বাংলাদেশি অভিনেতা ফজলুর রহমান বাবুকে দেখা যাবে আলী আকবর খানের ভূমিকায়।

## রাত দখল কর্মসূচিতে গিয়ে জনরোষের মুখে ঋতুপর্ণা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আরজি কর কাণ্ডের পর রাত দখল কর্মসূচিতে যোগ দিতে গিয়েছিলেন ওপার বাংলার জনপ্রিয় অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্ত। শ্যামবাজার পাঁচ মাথার মোড়ে গিয়েই প্রবল বিক্ষোভের মুখে পড়তে হয় তাকে। অভিনেত্রী গাড়ি থেকে নামতেই শোনা গেল 'গো ব্যাক্‌গো ব্যাক' স্লোগান। তারপরও তিনি প্রতিবাদে অংশ নেওয়ার চেষ্টা করেন। তবে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে গেলে দ্রুত অভিনেত্রীকে গাড়িতে তোলেন দেহরক্ষীরা। এর আগে ১৪ অগস্ট যখন রাত দখল হয় তখন দেশে না থাকার কারণে যোগ দিতে পারেননি। তবে দুদিন পর প্রতীকী প্রতিবাদ জানাতে শঙ্খ বাজাতে গিয়ে চরম কটাক্ষের শিকার হন ঋতুপর্ণা সেনগুপ্ত। সেই ঘটনার পর বুধবার ফের রাত দখলের ডাক দেয়া হয় আরজি করের নির্যাতিতার বিচার চেয়ে। তখন নাগরিকদের পাশে দাঁড়াতে এসেছিলেন অভিনেত্রী। কিন্তু তাকে সেখানে থাকতে দেয়নি সাধারণ মানুষ। উল্টে জনরোষের মুখ পড়ে ফিরে যান তিনি।

এদিন রাত বাড়ার সঙ্গে সঙ্গে স্লোগানের জোর আরও বাড়তে থাকে কলকাতায়। ১৪ অগস্টের মতো শ্যামবাজারে এদিনও ছিল প্রচুর মানুষ। তাদের হাতে মোমবাতি, প্ল্যাকার্ড। হঠাৎ ঋতুপর্ণা এসেছেন শুনেই চিৎকার করে ওঠেন আন্দোলনকারীরা। কালো কাঁচের গাড়িতে গিয়ে তারা ধাক্কা মারতে থাকেন। এসময় সাংবাদিকদের ঋতুপর্ণা জানান, একজন সাধারণ মানুষ হিসেবে এদিন আন্দোলনে যোগ দিতে এসেছেন তিনি। কিন্তু কেন এমন বিক্ষোভের মুখে পড়তে হলো, তা স্পষ্ট নয়।

তবে গাড়িতে উঠে বেরিয়ে যেতে চাইলেও নিস্তার পাননি। ঋতুপর্ণার গাড়িতে রীতিমতো ধাক্কা দেন আন্দোলনকারীরা। কিছুটা দূরে এগিয়ে গিয়ে অভিনেত্রীর গাড়ি একটু দাঁড়াতেই ফের গাড়িতে ধাক্কা মারতে দৌড়ান এক যুবক। এসময় তারা চিৎকার করে বলেন, ঋতুপর্ণা পালিয়ে গেছে।

# ঘরের মাঠে দি মারিয়ার বিদায়ী সংবর্ধনা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জাতীয় দলকে বিদায় বলার পর ঘরের মাঠে প্রথম খেলতে নামছে আর্জেন্টিনা। আনহেল দি মারিয়াকে তাই ভোলেনি দল। একের পর এক দলীয় সাফল্যের অন্যতম কারিগরকে প্রিয় সতীর্থরা দিলেন বিদায়ী সংবর্ধনা। আরও একবার আবেগি হয়ে পড়তে দেখা গেল দি মারিয়াকে। বললেন, কোপা আমেরিকা কিংবা বিশ্বকাপ, সবসময় আমি দলের সঙ্গেই আছি।



বুয়েনস এইরেসের মনুমেন্তাল স্টেডিয়ামে বাংলাদেশ সময় শুক্রবার ভোর ৬টায় চিলির বিপক্ষে বিশ্বকাপ ম্যাচ শুরুর আগে দি মারিয়াকে নিয়ে নেচে-গেয়ে-শ্রদ্ধা-ভালোবাসায় বিদায় জানান সতীর্থ ও দর্শকেরা। প্রিয় সতীর্থর সম্মানার্থে দি মারিয়ার প্রিয় ১১ নম্বর জার্সি পরে ছিলেন আর্জেন্টিনা দলের প্রত্যেক সদস্য।

বিদায়ী বার্তায় দি মারিয়া বলেন, 'এখন থেকে আমি কেবলই একজন সমর্থক। এখন থেকে আমি পরিবার নিয়ে ঐ গ্যালারিতে থাকব। কোপা আমেরিকা, বিশ্বকাপে দলকে সাপোর্ট দিয়ে যাব।'

'মনে নানান অনুভূতি হচ্ছে, যা ভাষায় প্রকাশ কঠিন। আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশনে (এএফএ) যারা আছেন তাদের সবাইকে ধন্যবাদ দিতে চাই। গত ১৬ বছর আমি তাদের সাথে কাটিয়েছি। কঠিন সময় পেরিয়ে তাদের পাশে থেকে খুশি মনে বিদায় নিতে পেরেছি।'

এ বছরের কোপা আমেরিকা জয়ের মধ্য দিয়ে আন্তর্জাতিক ক্যারিয়ারকে বিদায় বলেন ৩৬ বছর বয়সী দি মারিয়া। কলম্বিয়ার বিপক্ষে সেই ম্যাচেও আপন আলোয় উজ্জ্বল ছিলেন এই উইঙ্গার। হয়েছিলেন ম্যান অব দা ফাইনাল।

২০০৭ সালে জেতেন অনূর্ধ্ব-২০ বিশ্বকাপ। টুর্নামেন্টে ৩ গোল করে টানা দ্বিতীয় শিরোপা জয়ে রাখেন বড় অবদান। এরপর ২০০৮ সালের অলিম্পিক দিয়েই শুরু দি মারিয়ার 'ম্যান অব ফাইনাল' হয়ে ওঠা। হুয়ান রোমান রিকেলমে, মেসি, সের্হিও আগুয়েরো, হাভিয়ের মাসচেরানোদের নিয়ে গড়া দলে দি মারিয়ার পা থেকে আসে স্বর্ণপদক জেতানো গোল।

এরপর ২০২১ কোপা আমেরিকা ফাইনালে ব্রাজিলকে ১-০ গোলে হারানোর ম্যাচে জয়সূচক গোলটিও তার ছিল। যে জয়ের মধ্য দিয়ে ২৮ বছরের শিরোপা খরা কাটায় আর্জেন্টিনা। ইতালির বিপক্ষে ফিনালিস্সিমা জয়েও জালের দেখা পান তিনি।

জীবনের সবচেয়ে বড় অর্জন কাতার বিশ্বকাপ ফাইনালেও গোল করেছিলেন দি মারিয়া। যে ম্যাচে ফ্রান্সকে হারিয়ে শিরোপা জেতে আর্জেন্টিনা। ১৪৬ ম্যাচে ৩৩ গোল করা এই তারকা শেষটাও রাঙিয়েছেন শিরোপার রঙে। এমন কিংবদন্তির বিদায়ে আবেগী হতেই পারেন আর্জেন্টাইনরা।

# মেসিকে ছাড়াই চিলির বিপক্ষে
# আর্জেন্টিনার সহজ জয়




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রায় এক দশক পর লিওনেল মেসি ও আনহেল ডি মারিয়ার কাউকেই ম্যাচে পায়নি আর্জেন্টিনা। তবে মাঠের পারফরম্যান্সে দুই কিংবদন্তির ঘাটতি অনেকটা পূরণ করেছেন দলের বাকি সদস্যরা। ২০২৬ বিশ্বকাপ বাছাইপর্বের কনমেবল অঞ্চলের ম্যাচে চিলির বিপক্ষে সহজ জয় পেয়েছে আর্জেন্টিনা। বুয়েনস এইরেসে আজ শুক্রবার সকালে চিলিকে ৩০ ব্যবধানে বিধ্বস্ত করেছে আর্জেন্টিনা। তিনটি গোলই এসেছে দ্বিতীয়ার্ধে। জালের দেখা পেয়েছেন অ্যালেক্সিস ম্যাক অ্যালিস্টার, হুলিয়ান আলভারেজ ও বদলি হয়ে নামা পাওলো দিবালা।

ম্যাচের শুরুটা প্রত্যাশামত করতে পারেনি আর্জেন্টিনা। প্রথমার্ধে নিজেদের গুছিয়ে নিতে বেশ খানিকটা সময় নিয়েছে তারা। সেই সুযোগ নেওয়ার চেষ্টা করেছে চিলি। তবে দুই দলের কেউই গোলের দেখা পায়নি। তাতে প্রথমার্ধ শেষ হয় গোল শূন্য ড্রয়ে।

বিরতি থেকে ফিরে ধার বাড়ায় আর্জেন্টিনা। ৪৮তম মিনিটে প্রথমবার গোলের দেখা পায় তারা। আলভারেজ চলতি বলই ক্রস করেন চিলির গোলপোস্টের সামনে। সেখান থেকে ম্যাক অ্যালিস্টার শট নিয়ে গোল করেন। ৮৪তম মিনিট আর্জেন্টাইনদের হয়ে দ্বিতীয় গোল করেন আলভারেজ। চিলির বক্সের বাইরে থেকে বাঁ পায়ের দারুণ শটে জালের দেখা পান তিনি। অতিরিক্ত সময়ের খেলায় ব্যবধান আরও বাড়ান ম্যাক অ্যালিস্টারের জায়গায় ৭৯ মিনিটে বদলি হয়ে নামা দিবালা। মেসির ১০ নম্বর জার্সি পরে আজ খেলেছেন তিনি।

দক্ষিণ আমেরিকা অঞ্চলের বাছাইয়ে ৭ ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে শীর্ষে আর্জেন্টিনা।

# প্রেমিকের বর্বরোচিত আক্রমণে
## পুড়ে মারা গেলেন প্যারিস অলিম্পিকের দৌড়বিদ




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উগান্ডার প্রখ্যাত ম্যারাথন দৌড়বিদ রেবেকা চেপতেগেই প্রেমিকের নির্মম আক্রমণের শিকার হয়ে কেনিয়ার একটি হাসপাতালে মারা গেছেন। ৩৩ বছর বয়সী এই অ্যাথলেটের শরীরের ৮০ শতাংশই পুড়ে গিয়েছিল। তার প্রেমিক ডিকসন এনডিয়েমা পেট্রল ঢেলে আগুন তার গায়ে ধরিয়ে দেন। কেনিয়ার ট্রান্স-এনজোইয়া কাউন্টির বাড়িতে ১ সেপ্টেম্বর এই মর্মান্তিক ঘটনা ঘটে।

চেপতেগেই প্যারিস অলিম্পিকে অংশ নিয়ে মেয়েদের ম্যারাথনে ৪৪তম স্থান অর্জন করেছিলেন। মৃত্যুর আগে মোই টিচিং অ্যান্ড রেফারেল হাসপাতালে সংকটাপন্ন অবস্থায় ছিলেন। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, গত রাত থেকে তার শরীরের কোনো অঙ্গপ্রত্যঙ্গ কাজ করছিল না, এবং আজ ভোরে তার মৃত্যু হয়। উগান্ডা অলিম্পিক কমিটির সভাপতি ডোনাল্ড রুকারে সামাজিক মাধ্যমে চেপতেগেইয়ের মৃত্যুতে শোক প্রকাশ করে লিখেছেন, 'আমরা একজন প্রতিভাবান ক্রীড়াবিদকে হারিয়েছি। এ ধরনের কাপুরুষোচিত আক্রমণ অত্যন্ত নিন্দনীয়।' চেপতেগেইয়ের এই মর্মান্তিক মৃত্যু ক্রীড়া মহলে গভীর শোকের ছাপ ফেলেছে।

# পাকিস্তান থেকে সরে যাচ্ছে ইংল্যান্ড সিরিজ!




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাংলাদেশের কাছে সিরিজ হেরে বেশ চাপেই আছে পাকিস্তান ক্রিকেট দল। সামনে চাপ কাটিয়ে ওঠার মাধ্যম হতে পারে যে সিরিজ, ইংল্যান্ডের বিপক্ষে ওয়ার্ল্ড টেস্ট চ্যাম্পিয়নশিপের সেই সিরিজ আয়োজন নিয়ে এবার ত্রিমুখী জটিলতায় পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। সূচি অনুযায়ী, অক্টোবরে পাকিস্তান নিজেদের মাঠে ইংল্যান্ডকে তিন টেস্টের সিরিজে আতিথেয়তা দেবে। ৭ অক্টোবর শুরু সিরিজের ম্যাচগুলো মুলতান, করাচি ও রাওয়ালপিন্ডিতে হওয়ার কথা। তবে পরিবর্তিত বাস্তবতায় সিরিজটি এখন সংযুক্ত আরব আমিরাত বা শ্রীলঙ্কায় সরিয়ে নেওয়ার কথা ভাবছে পিসিবি।

পাকিস্তানের এক্সপ্রেস ট্রিবিউনের খবরে বলা হয়, ইংল্যান্ড সিরিজ নিয়ে পিসিবির জটিলতার শুরু চ্যাম্পিয়ন্স ট্রফিকে ঘিরে। আগামী বছরের ফেব্রুয়ারি-মার্চে আট দলের চ্যাম্পিয়ন্স ট্রফি আয়োজন করবে পাকিস্তান। ওয়ানডে সংস্করণের এই টুর্নামেন্ট ঘিরে স্টেডিয়ামে সংস্কারকাজ শুরু করেছে পিসিবি। এরই মধ্যে এই সংস্কারকাজের কারণে করাচি থেকে একটি টেস্ট সরিয়েও ফেলতে হয়েছে। সদ্য সমাপ্ত বাংলাদেশ-পাকিস্তান সিরিজের দ্বিতীয় টেস্ট হওয়ার কথা ছিল করাচিতে। কিন্তু সেখানকার সংস্কারকাজ ক্ষতিগ্রস্ত হবে বলে ম্যাচটি রাওয়ালপিন্ডিতে আয়োজন করা হয়। ইংল্যান্ড সিরিজেও ভেন্যুর তালিকায় আছে করাচি, আছে রাওয়ালপিন্ডিও। এ দুই মাঠের খেলা সরিয়ে নেওয়া যেত যেখানে, সেই লাহোরেও চলছে সংস্কারকাজ।

এখন পরিকল্পনা অনুসারে ইংল্যান্ড সিরিজ চালিয়ে নিতে হলে করাচি ও রাওয়ালপিন্ডির সংস্কারকাজ থামিয়ে দিতে হবে। কিন্তু সংস্কার কার্যক্রমের ব্যাপকতা এমন যে কাজ স্থগিত করলে সময়মতো শেষ না-ও হতে পারে। আবার কাজ বন্ধ রেখে খেলা চালালে সেটি করতে হবে দর্শকশূন্য স্টেডিয়ামে। কিন্তু ইংল্যান্ডের সমর্থকগোষ্ঠী 'বার্মি আর্মি' নিজেদের দলের সব খেলাতেই সরব উপস্থিতির জানান দেয়। সে ক্ষেত্রে গ্যালারি দর্শকশূন্য রেখে খেলা চালানো সহজ হবে না।

সাধারণত, পাকিস্তান ভেন্যুকেন্দ্রিক কোনো ঝামেলায় পড়লে শীর্ষ বিকল্প হিসেবে সংযুক্ত আরব আমিরাতকে বেছে নেয়। বিদেশি দলগুলো যখন পাকিস্তানে খেলতে যায়নি, তখন মধ্যপ্রাচ্যের দেশটিতেই দ্বিপক্ষীয় সিরিজ খেলেছে পাকিস্তান দল। এবার চ্যাম্পিয়ন্স ট্রফি আয়োজনকেন্দ্রিক প্রস্তুতির কারণেও আরব আমিরাতের কথাই ভাবছে পিসিবি। তবে এখানেও আছে ভেন্যু জটিলতা। এ বছরের মেয়েদের টি-টোয়েন্টি বিশ্বকাপ বাংলাদেশে হওয়ার কথা থাকলেও আইসিসি তা আরব আমিরাতে সরিয়ে নিয়েছে। আগামী ৩ অক্টোবর শুরু হয়ে ২০ অক্টোবর পর্যন্ত চলবে টুর্নামেন্টটি। আর পাকিস্তান-ইংল্যান্ড তিন টেস্ট সিরিজের সময়ও একই- ৭ অক্টোবর থেকে ২৮ অক্টোবর।

মেয়েদের বিশ্বকাপে ভেন্যু রাখা হয়েছে দুবাই ও শারজাকে। পাকিস্তান যদি ইংল্যান্ডের বিপক্ষে আরব আমিরাতেই সিরিজ আয়োজন করতে চায়, তাহলে সুযোগ আছে আবুধাবিতে। কিন্তু একটি ভেন্যুতেই টানা তিন টেস্ট আয়োজন করা কতটা সম্ভব হবে, তা-ও বড় প্রশ্ন। আর এ কারণেই ইংল্যান্ড সিরিজের বিকল্প ভেন্যু হিসেবে শ্রীলঙ্কার কথাও ভাবছে পিসিবি। এক্সপ্রেস ট্রিবিউন বলছে, ভেন্যু নিয়ে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস ক্রিকেট বোর্ডের (ইসিবি) সঙ্গে আলোচনা করবে পিসিবি। দুই বোর্ডই ঠিক করবে সিরিজটি কোথায় আয়োজন করা যায়, সূচিতে কোনো অদলবদল আনা লাগে কি না। ২০২৩-২৫ ওয়ার্ল্ড টেস্ট চ্যাম্পিয়নশিপে পাকিস্তান ৭ ম্যাচে ১৯.০৫ শতাংশ পয়েন্ট নিয়ে ৯ দলের মধ্যে ৮ নম্বরে আছে। ১৫ ম্যাচ খেলা ইংল্যান্ড ৪৫ শতাংশ পয়েন্ট নিয়ে পঞ্চম স্থানে আছে।

# বাটলার নেই, অস্ট্রেলিয়ার বিপক্ষে ইংল্যান্ডের নেতৃত্বে সল্ট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চোট থেকে এখনও পুরোপুরি সেরে ওঠেননি জস বাটলার। নিয়মিত অধিনায়ককে ছাড়াই তাই অস্ট্রেলিয়ার বিপক্ষে টি-টোয়েন্টি স্কোয়াড ঘোষণা করেছে ইংল্যান্ড। তার অনুপস্থিতিতে দলকে নেতৃত্ব দিবেন ফিল সল্ট।

ঘরের মাঠে অস্ট্রেলিয়ার বিপক্ষে ওয়ানডে ও টি-টোয়েন্টি সিরিজের জন্য বৃহস্পতিবার দল ঘোষণা করে ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি)। দুই সংস্করণের দলেই আছেন আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেকের অপেক্ষায় থাকা বেশ কয়েকজন।

গত জুনে টি-টোয়েন্টি বিশ্বকাপে সেমি-ফাইনালে ভারতের বিপক্ষে হারের পর থেকেই মাঠের বাইরে আছেন বাটলার। পরের মাসেই দা হান্ড্রেডের জন্য প্রস্তুতির সময় পায়ের পেশিতে চোট পান। অস্ট্রেলিয়ার বিপক্ষে ওয়ানডের দলে থাকলেও শুরুর দিকে তার খেলা নিয়ে আছে অনিশ্চয়তা। তখন ইংলিশদের নেতৃত্ব দিতে পারেন হ্যারি ব্রুক।

আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেকের অপেক্ষায় থাকা কিপার-ব্যাটসম্যান জর্ডান কক্সকে ওয়ানডে দলে কাভার হিসেবে রাখা হয়েছে। এখন আছেন টেস্টে দলের সঙ্গে। আর টি-টোয়েন্টি দলে একই ভাবনায় রাখা রয়েছে অভিষেকের অপেক্ষায় থাকা জেমি ওভারটনকে।

তাদের মতোই দলে নতুন এসেছেন বাঁহাতি ব্যাটসম্যান জ্যাকব বেথেল ও পেসার জন টার্নার ডাক। দুজনেই ডাক পেয়েছেন দুই সংস্করণেই। ২০ বছর বয়সী বেথেল ১৬টি লিস্ট 'এ' ম্যাচ খেলে রান করেছেন ২৪.২১ গড়ে ৩৩৯। আর ৪৪ টি-টোয়েন্টিতে ১৩৮.১৮ স্ট্রাইক রেটে ৭৩১। টার্নারের লিস্ট 'এ' তে উইকেট ১৭ ম্যাচে ৩৫টি এবং টি-টোয়েন্টিতে ২৭ ম্যাচে ৪২টি।

দুই সংস্করণেই দলে আছেন হালও। শ্রীলঙ্কার বিপক্ষে ওভাল টেস্ট দিয়ে আন্তর্জাতিক ক্রিকেটে পথচলা শুরু হচ্ছে ৬ ফুট ৭ ইঞ্চি উচ্চতার এই পেসারের।

টি-টোয়েন্টিতে প্রথমবার ডাক পেয়েছেন ২৩ বছর বয়সী অলরাউন্ডার ড্যান মোসলি। এই সংস্করণে ৬২ ম্যাচে ১৩০.৫৪ স্ট্রাইক রেটে এক হাজার ১২৪ রান আছে তার। অফ স্পিনে নিয়েছেন ৪৮ উইকেট।

২০২৩ সালের মার্চের পর আবারও ওয়ানডে খেলার হাতছানি জফ্রা আর্চারের সামনে।

টি-টোয়েন্টি দিয়ে শুরু হবে দুই পুরোনো 'শত্রু'র লড়াই। ম্যাচ তিনটি হবে আগামী ১১, ১৩ ও ১৫ সেপ্টেম্বর। পাঁচ ওয়ানডে হবে ১৯, ২১, ২৪, ২৭ ও ২৯ সেপ্টেম্বর।

ইংল্যান্ড টি-টোয়েন্টি দল: ফিল সল্ট (অধিনায়ক), জফ্রা আর্চার, জ্যাকব বেথেল, ব্রাইডন কার্স, জর্ডান কক্স, স্যাম কারান, জশ হাল, উইল জ্যাকস, লিয়াম লিভিংস্টোন, সাকিব মাহমুদ, ড্যান মোসলি, জেমি ওভারটন, আদিল রাশিদ, রিস টপলি, জন টার্নার।

ইংল্যান্ড ওয়ানডে দল: জস বাটলার (অধিনায়ক), জফ্রা আর্চার, গাস অ্যাটকিনসন, জ্যাকব বেথেল, হ্যারি ব্রুক, ব্রাইডন কার্স, জর্ডান কক্স, বেন ডাকেট, জশ হাল, উইল জ্যাকস, ম্যাথু পটস, আদিল রাশিদ, ফিল সল্ট, জেমি স্মিথ, রিস টপলি, জন টার্নার।

# '৯০০', অনন্য উচ্চতায় রোনালদো




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বর্ণিল ফুটবল ক্যারিয়ারে নতুন পালক যোগ করলেন ক্রিশ্চিয়ানো রোনালদো। ৩৯ বছর বয়সে ছুলেন অনন্য এক রেকর্ড। ক্লাব ও আন্তর্জাতিক ফুটবল মিলিয়ে ৯০০ গোলের রেকর্ড গড়লেন এই পর্তুগীজ মহাতারকা। ইতিহাসে তিনিই প্রথম এই কীর্তি গড়ার নজির স্থাপন করলেন।

৫ সেপ্টেম্বর উয়েফা নেশন্স লিগের চতুর্থ আসরের প্রথম দিনে ক্রোয়েশিয়ার মুখোমুখি হয় পর্তুগাল। ম্যাচ শুরুর সপ্তম মিনিটেই দিয়োগো দালোতের গোলের এগিয়ে যায় পর্তুগিজরা। ম্যাচের ৩৪তম মিনিটে নুনো মেন্দেসের পাস থেকে ব্যবধান দ্বিগুণ করেন রোনালদো। আর তাতেই বিশ্বের প্রথম ফুটবলার হিসেবে তিনি পেশাদার ক্যারিয়ারে ৯০০ গোলের মাইলফলক স্পর্শ করেন।

তবে ৩৯ বছর বয়সেও তিনি যে দলের জন্য এখনও অমুল্য,তারই প্রমাল মিলল আবার। আগে থেকেই আন্তর্জাতিক ফুটবলের রেকর্ড গোলদাতা রোনালদো। জাতীয় দলের হয়ে তার মোট গোল হলো ১৩১টি।

বাকি ৮৬৯টি গোল তিনি করেছেন পাঁচ ক্লাবের হয়ে; স্পোর্তিং (৫), ম্যানচেস্টার ইউনাইটেড (১৪৫), রেয়াল মাদ্রিদ (৪৫০), জুভেন্টাস (১০১) ও সউদী ক্লাব আল নাসেরের (৬৮) হয়ে।

পেশাদার ফুটবল ক্যারিয়ারে এখন পর্যন্ত আর কোনো ফুটবলার ৯০০ গোলের মাইলফলক স্পর্শ করতে পারেননি। ৮৩৮ গোল করে তালিকার দুইয়ে আছেন তার চিরপ্রতিদ্বন্দ্বী আর্জেন্টাইন তারকা লিওনেল মেসি। ৭৬২ গোল করে তিনে আছেন ব্রাজিলিয়ান কিংবদন্তি পেলে।

# চ্যাম্পিয়ন স্পেনকে
# রুখে দিল সার্বিয়া



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সদ্য সমাপ্ত ইউরোতে অপরাজিত থেকেই চ্যাম্পিয়ন হয়েছিল স্পেন।সময়ের অন্যতম সেরা দলটি অবশ্য জয়ের ধারায় শুরু করতে পারেনি ইউয়েফা নেশনস কাপ।সফল ইউরোর পর প্রথম মাঠে নেমেই জয় ছাড়া মাঠ ছাড়তে হয়েছে স্প্যানিশদের।

সার্বিয়ার রাজধানী বেলগ্রেডে বৃহস্পতিবার রাতে 'এ' লিগের ৪ নম্বর গ্রুপের ম্যাচটি গোলশূন্য ড্র হয়েছে।

পুরো ম্যাচে ৭৩ শতাংশ সময় পজেশন ধরে রেখে গোলের জন্য স্পেন শট নেয় মোট ২১টি, যার ৫টি লক্ষ্যে ছিল। অন্যদিকে, সার্বিয়ার ৯ শটের কেবল একটি ছিল লক্ষ্যে।

প্রথমদিকে বিবর্ণ ফুটবল খেলা লুইস দে লা ফুয়েন্তের দল অবশ্য পরব গোলের জন্য মরিয়া আক্রমণ চালায়। তবে সাপ্রেদ্রাগ রাইকোভিচে দৃঢ়তায় আর পায়নি জয়সূচক গোলের দেখা।

একই সময়ে হওয়া এই গ্রুপের আরেক ম্যাচে সুইজারল্যান্ডকে ২-০ গোলে হারিয়ে শুভসূচনা করেছে ডেনমার্ক।

স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR